বিশ্বের সকল দেশের নাগরিকরা তাদের নিজ দেশে ফিরতে আর কোনো স্বাস্থ্য নিরাপত্তা বিধান নেই, যা নাকি এখনো আমাদের দেশে বলবৎ আছে। যার কারনে অনেক যাত্রী টিকিট করে বিমানবন্দর যেয়ে ফেরত গিয়েছে। বাংলাদেশ সরকার এখনো ওই বিধিবিধান এখনো উঠায়নি। তাইতো প্রতিদিন দুনিয়ার বিভিন্ন দেশ থেকে বাংলাদেশে ভ্রমন ইচ্ছুক প্রচুর মানুষের টিকিট বাতিল হচ্ছে। বিমান বন্দর থেকে বলা হচ্ছে, বাংলাদেশ সরকার কেন তাদের বিধি উঠাচ্ছেনা, আমরা জানিনা। তবে ৪৮ ঘন্টা আগে স্বাস্থ্য অধিদপ্তর থেকে পারমিশন না নিতে পারলে তাকে বাংলাদেশে যাবার বোর্ডিং কার্ড দেয়া হবে না। অস্ট্রেলিয়া ছাড়াও গোটা বিশ্বের সব দেশ থেকেই প্রবাসী বাংলাদেশিরা ভুগছে একই সমস্যায় !

কোথায় ডিজিটাল বাংলাদেশ? কোথায় উন্নয়ন?

বাংলাদেশ দূতাবাসের দুনিয়ার কোথাও কোনো অফিসে ফোন করে তাদেরকে পাওয়া যায় কিনা, জানিনা। কেউ ফোন করে রেসপন্স পেয়েছে বলে প্রমাণ দেখাতে পারলে পেট ভরে মিষ্টি খাওয়াবো -কথা দিলাম।

ডিজিটালের নামে সব ভুয়া, সব মিথ্যা ও গাজাখোরি কথা। দেশে এবং দেশের বাইরে বাংলাদেশের দূতাবাস ও কনস্যুলেটগুলোতে কি হয়, তা কয়েকদিন আগে জাকার্তায় বাংলাদেশী বিতর্কিত দূতাবাস কর্মকর্তা ডেপুটি চিফ অব মিশন কাজী আনারকলি স্পষ্ট জানিয়ে দিয়েছেন। বিসিএস অফিসার না রাজনৈতিক দলের সন্ত্রাসী কেডার? দূতাবাসের উর্ধতন অফিসার যখন মাদক ব্যবসা (https://suprovatsydney.com.au/-p4847-1.htm) ও বয়ফ্রেন্ড নিয়ে রাত কাটান, তখন প্রবাসীদের মান সম্মান গুড়িয়ে দেবার জন্য এরাই যথেষ্ট। হায়রে ডিজিটাল কেলেঙ্কারি ! ভুয়া ডিজিটালের উন্নয়নে জাতি আজ নাভিশ্বাস !



সুপ্রভাত সিডনি
The Leading Australian Bangladesh Monthly Community Newspaper | সত্যের সাথে সব সময়
Sydney, October-2022
Year-14

Australian Medical Football Team

Suprovat Sydney Report:

The Docceroos (Australian Medical Football Team) is the national team for Australian Doctors. Formed in 2003, The Docceroos have contested The World Medical Football Championships each year. Share with us in this wonderful game, all footballing doctors!

www.docceroos.com.au

One of the player's comments, The Docceroos entered Day 6 with a decimated squad but full of hope and heart. We knew it would be a dog fight to the end against the Catalonians.

Whilst we played our hearts out, it just wasn't our day. Hamstrings went tearing, decisions didn't quite go our way, and with two red cards we found ourselves defending 9 against 11 for the majority of the second half. It was a well-placed header in the first half that proved to be the winner for the Catalonians in what was a hard-fought encounter.

Whilst we were proud of our efforts, we continue to ponder what could have been.

With little rest, the following day we met the Brazilians for a third-place playoff. The Docceroos were the walking wounded with more players ruled out due to injury or card infringements. Nevertheless, in true fighting spirit, we fielded a team of 11 with no substitutions.

For the majority of the match, our defensive blocks held off the Brazilian attack, but at the halfway mark Heimerich Bisterbosch suffered a broken nose, and the fatigue of 6 games within 7 days had truly set in. We were unable to keep the score level, eventually conceding one goal from a Brazilian cross from the left corner and another from a seemingly controversial penalty decision.

We keep our heads high. Immensely proud of our efforts to finish in the top 4 in Mar Del Plata, under the guidance of coach Dean Ugrinic, physio Luke Poon, and the support of our small but passionate supporters. Until next time!

সুপ্রভাত সিডনি
The Leading Australian Bangladesh Monthly Community Newspaper I সত্যের সাথে সব সময়

Hundreds of refugees protest for permanent visas in canberra & sydney city

Suprovat Sydney Report

Hundreds of refugees have rallied outside Sydney's Town Hall, at 2 pm, Sunday, 18 September to demand permanent visas for all those refugees and asylum seekers on temporary visas.

At the Sydney event, various background leaders' speeches included Ian Rintoul Refugee Action Coalition leader, Alex Phoon NSW Young Greens Multicultural Officer, Lachlan Good Vice President, NSW Young Labor, Md Abdullah Yousuf chief advisor, Bangladeshi Refugees of Australia Inc, Joy Mohammad Bangladeshi Medevac refugee from, Nauru, Arezoo Narimani, Iranian SHEV refugee, Vino Selvaraso, Tamil TPV refugee, Ali Nayyef Australian Refugees in Limbo, Sajeda Bahadurmia Rohingya community activist, and TPV holder, The rally comes just twelve days since more than 1500 refugees protested on the lawns of Parliament House in Canberra.

While Labor has announced an increase of 35,000 places in the skilled migration program, the thousands of refugees on temporary visas, many of whom were the front-line pandemic workers, are still waiting for Labor to make good on its election promise to grant them permanent visas.

There are 19,000 people living in Australia on temporary protection (TPV) or Safe Haven Enterprise (SHEV) visas. Another 10,000 were refused a visa under the Coalition's fast-track system – that is neither fair nor fast – and are living on even more precarious bridging visas.

For ten years and longer, they have led precarious existence on temporary visas that have had to be renewed; they have struggled to find permanent jobs, denied family reunions, and denied even travel and the right to tertiary education.

Despite the promise to grant them permanent visas, Labor's delay means that TPV holders are still being denied the right to travel, and refugees are left waiting while the renewal of their temporary visas is stuck in the bureaucracy. Labor has also promised to scrap the fast track system, but there is no commitment to review the rejected cases.

Afghans who were refused a protection visa on the false basis that Kabul was safe are still on 'removal pending' bridging visas, or on expired bridging visas with no income support, and no right to work.

"There are hundreds of Nadesalingham families who need safety and the security of a permanent visa. They could be granted a permanent visa as easily as the Biolela family was," said Ian Rintoul, from the Refugee Action Coalition.

"On election night Hon Anthony Albanese PM said that under Labor 'no one would be held back, and no one would be left behind.' But refugees and asylum seekers are being left behind, not just temporary visa holders in Australia.

"There are still 200 refugees and asylum seekers on Nauru and PNG. And the Coalition ban on accepting UNHCR refugees from Indonesia is still in place! Every day matters when you have been left in limbo for 10 years and families are separated. Justice delayed is justice denied, and all these refugees have been denied justice for too long.

More photos on page 18

END The Australian Govt.
Using REFUGEES as
POLITICAL PRISONERS
#LetThemStay

CLOSE THE CAMPS
BRING THEM HERE

Justice for Refugees

Justice for Refugees
ARDA
Australia Inc.
Profit Association For Our Future Community
www.arakanrohingya.com.au

ARDA
Australia Inc.

JUSTICE FOR REFUGEES
International Federation of Iranian Refugees
فدراسیون سراسری پناهندگان ایرانی
Close the Detention Centres!
Stop Deportation!
Stop Racism
Immediate Resettlement!
Email: ifirsydoffice@bigpond.com
Phone: 0413467243

MECCA

সুপ্রভাত সিডনি
The Leading Australian Bangladesh Monthly Community Newspaper | সত্যের সাথে সব সময়



Criminal Court of The City of New York
125-01 Queens Boulevard
Kew Gardens, NY 11415

DATE 04/07/2022

Name: Bishawjit Saha
Arrest # Q22609614
Arrest Date: 03/31/2022
Date of Birth: 06/30/1964

To Whom It May Concern,

Please be advised that this case was by the Court. For further information rega Queens District Attorney's Office at 120-55

Sincerely,

Central Clerks Office
Queens Criminal Court

নিউইয়র্কে বই মেলার নাম ভাঙ্গিয়ে ২৩ বছর ধরে মানব ও অর্থ পাঁচার

সুপ্রভাত সিডনি রিপোর্ট

বইমেলার নামে মানব ও অর্থ পাচার, ভুক্তভোগীকে শারীরিক হামলার হুমকি এবং বাংলাদেশে ভুক্তভোগীর আত্মীয় স্বজনদেরকে গুম, ধর্ষণ ও হত্যার হুমকি অভিযোগে ভারতের র এজেন্ট, ইসকন সদস্য বিশ্বজিত সাহাকে নিউ ইয়র্ক সিটি পুলিশ গ্রেফতার করেছে।

বিশ্বজিৎ সাহা ১৯৯৯ সাল থেকে নিউইয়র্কে বই মেলার নামে মানব ও অর্থ পাচার করে আসছে। মানব ও অর্থ পাঁচারের মধ্যে মুসলমানদের জন্য ৫০ হাজার এবং হিন্দুদের জন্য ২৫ হাজার ডলার নিয়ে সাম্প্রদায়িকতা সৃষ্টি করছেন। নিউ ইয়র্কের তথাকথিত বই মেলায় বিশ্বজিৎ এর চারপাশে মুসলমান নামধারীরা হরিনাম "জপ" তে বসে যান অথবা পূজার সময় তার কাছ থেকে "প্রসাদ" নিতে দাঁড়িয়ে থাকেন। মুসলমান নামধারীরা (যাদের অধিকাংশরাই আওয়ামী লীগ সদস্য বা সমর্থক) সাহা'র মানব ও অর্থ পাচারের ভাগ পান। এ কারণে বিশ্বজিৎ সাহা চতুরতার সাথে নিউ ইয়র্কের ওসব আওয়ামী মুসলমানদের ঘাড়ে পা রেখে মানব ও অর্থ পাচার ব্যবসার চালিয়ে যাচ্ছেন।

কথিত বই মেলায় অতিথি এবং প্রধান অতিথি হিসেবে বাংলাদেশীদের নয়, কলকাতার দাদাদেরকে করা হচ্ছে। এছাড়া ভারতীয় নাগরিকদেরকে বাংলাদেশে এনে অবৈধ পন্থায় বাংলাদেশী পাসপোর্ট বানিয়ে বাংলা একাডেমি এবং সাংস্কৃতিক মন্ত্রণালয়ের রেফারেন্সে মার্কিন দূতাবাস থেকে ভিসা করিয়ে নেন। অথচ, নিউইয়র্ক বাংলাদেশী কম্যুনিটি'র তথাকথিত বুদ্ধিজীবীরা এ ধরনের দেশ ও আইন বিরোধী কার্যকলাপের প্রতিবাদ করছেন না।

বিশ্বজিৎ সাহার বিরুদ্ধে সুপ্রিম (সিভিল) কোর্টে মামলার বাদী ফারহানা আক্তারকে গর্বের সাথে বিশ্বজিত সাহা জানিয়েছেন, ভারতীয় গুপ্তচর সংস্থা 'র' এর সাথে রয়েছে তার বিশেষ সম্পর্ক। তিনিই আবার বলেছেন, 'ডক্টর নুরুন্নবীকে তো আমিই একুশে পদক পাইয়ে দিয়েছি! এ ছাড়াও পররাষ্ট্রমন্ত্রী এ কে আবুল মোমেন, আব্দুস সোবাহান গোলাপ, নিজাম চৌধুরী, ডক্টর নুরুন্নবী, ডাক্তার মাসুদ হাসান, ডাক্তার জিয়াউদ্দিন আহমেদ ও ডাক্তার মোহাম্মদ আলী মানিকসহ বাংলাদেশের শিক্ষামন্ত্রী চাঁদপুরের দীপু মনি ও তার স্বামী "র" এর বিশেষ শুভাকাঙ্খী তৌফিক নেওয়াজের সাথে বিশেষ সম্পর্ক রয়েছে বলে জানিয়েছেন। শিক্ষামন্ত্রী তাকে বাংলা ভাষার রক্ষক হিসেবে প্রমোট করেছেন বলে মামলার বাদিকে জানানিয়েছেন। সিভিল কেইস করার পর থেকেই বিশ্বজিৎ সাহা ও তার দুস্কর্মের সঙ্গী ইসরাত জাহান টেলিফোনে ফারহানা আক্তারকে ভয়ভীতি প্রদর্শন করে যাচ্ছিলেন। কিন্তু ভয়ভীতি প্রদর্শনের পরেও মামলাটি তুলে নিতে অস্বীকৃতি জানালে বিশ্বজিত সাহা বাংলাদেশে অবস্থানরত ফারহানা আক্তারের আত্মীয়স্বজনদেরকে গুম, ধর্ষণ ও খুনের হুমকি দিলে ফারহানা আক্তার পুলিশের স্মরণাপন্ন হয় এবং থানায় অভিযোগ করেন। অভিযোগ করার পরেও বিশ্বজিৎ সাহা ও তার সাঙ্গপাঙ্গরা ফারহানা আক্তারকে বিভিন্ন উপায়ে ভয়ভীতি প্রদর্শন করতে থাকলে গত মার্চ মাসের ৩১ তারিখে পুলিশের তদন্তকারী টীম বিশ্বজিৎকে সাহাকে গ্রেফতার করতে সক্ষম হয় এবং ফারহানা আক্তারকে অর্ডার অফ প্রটেকশন দেয়া হয়।

উল্লেখ্য, মাস কয়েক আগে মানব ও অর্থ পাচারকারী বিশ্বজিৎ সাহা'র বিরুদ্ধে পদক্ষেপ নেয়ায় নিউইয়র্কে কিছু মানুষ তার পক্ষে বিবৃতি এবং ওই লেখকের বিরুদ্ধে মিথ্যা, মনগড়া ও বানোয়াট বক্তব্য প্রদান করে। আর এসব বানোয়াট বক্তব্যকে পুঁজি করে এক শ্রেণির হলুদ সাংবাদিক সেটাকে হেড লাইনে নিউজ প্রকাশ করেছে।

অথচ, গুণীজনরা সচরাচর মানুষের সুখ দুঃখে এগিয়ে আসে; কিন্তু নিউ ইয়র্কস্থ বাংলাদেশ কম্যুনিটির বিশিষ্ট লোফার ও মেরুদন্ডহীন গুণীজনরা সাধারণ মানুষের সুখ দুঃখে কখনোই এগিয়ে আসেনি; কিন্তু একজন মানব ও অর্থ পাচারকারী, হিন্দু জঙ্গি, এবং তথাকথিত "র" এর ইনফরমার ও তার বেআইনী কার্যক্রমকে বৈধতা দেয়ার জন্য কম্যুনিটির বিশিষ্ট গুণীজন নামের নপুংসক ও হিজড়া সম্প্রদায় এগিয়ে এসেছে।

কম্যুনিটির ১'শ বিশিষ্ট ব্যক্তি নামের নপুংসক ও হিঁজড়া সম্প্রদায় বিশ্বজিত সাহা'র অপকর্মের সাথী এবং বেনেফিসিয়ারী। কেউ হয়তো আর্থিকভাবে লাভবান, আবার কেউ কেউ হয়তো নারী বা পুরুষদের সঙ্গ পেয়ে লাভবান, আবার কেউ হয়তো মদ খেয়ে লাভবান আবার কেউ হয়তো দেশের ব্যবসা বাণিজ্যের দিক দিয়ে লাভবান। এরা ভাষা চর্চা ও বই মেলা নিয়ে কান্নাকাটি জুড়ে দিয়েছে অথচ গত চল্লিশ বছর যাবৎ নতুন প্রজন্মকে বাংলা ভাষা শেখানোর জন্য একটি শিখ্যাপীঠ গড়ে উঠেনি! বাংলাদেশের কালচারাল বা বাণিজ্যি প্রসারে এসব বিশিষ্ট গুণীজন নামের নপুংসক ও হিজড়া সম্প্রদায় এগিয়ে আসেনি! কিন্তু, আজ ঐসব বিশিষ্ট গুণীজন নামের নপুংসক ও হিজড়া সম্প্রদায় সাহায্যের হাত বাড়িয়ে দিয়েছে বিশ্বজিৎ সাহার জন্য; মূল কারণ হলো এই যে থলের বিড়াল পুরোপুরি বেরিয়ে আসলে এসব বিশিষ্ট গুণীজন নামের নপুংসক ও হিজড়াদের পরনে পেটিকোট আর জাঙ্গিয়া খুঁজে পাওয়া যাবে না।

ফারহানা আক্তারের এটর্নী ১'শ বিশিষ্ট ব্যক্তিদের নাম ও ঠিকানা সংগ্রহ করেছেন। তাদের সকলকে আদালতে হাজির করা হবে।

'নিউ সাউথ ওয়েলসে উদ্ভাবক এবং উদ্যোক্তাদের জন্য কর্মসংস্থান তৈরি করা হবে'

সুপ্রভাত সিডনি রিপোর্ট

এন্টারপ্রাইজ, বিনিয়োগ এবং বাণিজ্য মন্ত্রী অ্যালিস্টার হেনসকেনস বলেছেন, কমিউনিটিতে ইতিবাচক পরিবর্তন ঘটানোর লক্ষে পুন:প্রতিষ্ঠিত প্যারামাটানর্থ হেরিটেজ প্রিসিনক্টের অংশ হিসাবে স্পেস কিউবড ১৫০০ বর্গমিটার সাশ্রয়ী মূল্যের সহকর্মক্ষেত্র পরিচালনা করবে।

অ্যালিস্টার হেনসকেনস আরো জানান, "নিউ সাউথ ওয়েলসে উল্লেখযোগ্য বৈশ্বিক বিনিয়োগ আকর্ষণের কেন্দ্র বিন্দুতে রয়েছে প্রযুক্তি ও উদ্ভাবন, যা ওয়েস্টার্ন সিডনিতে আমাদের পরবর্তী প্রজন্মের উদ্ভাবক এবং উদ্যোক্তাদের জন্য ভবিষ্যতের কর্মসংস্থান তৈরি করতে সাহায্য করবে।"

"স্পেস কিউবড WSSH-এর জন্য সর্বোত্তম এবং সবচেয়ে বৈচিত্র্যময় পরিষেবা গুলি অফার করে, যা ওয়েস্টার্ন সিডনির উদ্ভাবন এবং প্রযুক্তি খাতের জন্য একটি উজ্জ্বল এবং প্রতিযোগিতামূলক ভবিষ্যত নিশ্চিত করবে।

"এই বছরের নিউ সাউথওয়েলস বাজেট থেকে কর্মী বাহিনীতে আরও বেশি নারীর অংশ গ্রহণকে উৎসাহিত করার জন্য আমাদের প্রতিশ্রুতিকে অব্যাহত রেখে, স্পেস কিউবড আমাদের ভবিষ্যত নারী কোডারদের দক্ষতাবাড়ানোর জন্য একটি নিয়মিত সিকোড (SheCodes) প্রোগ্রামের আয়োজন করবে।

"হাবটি ওয়েস্টমিড হেলথ অ্যান্ড ইনোভেশন ডিস্ট্রিক্ট ইকোসিস্টেমের মাধ্যমে উদ্ভাবনের সুযোগ বাড়াতে এবং তা প্রদর্শন করতে সাহায্য করবে,যাওয়েস্টার্ন সিডনিতে আরও নতুন নতুন কর্মসংস্থান তৈরি করবে এবং নিউ সাউথওয়েলসের জন্য একটি উজ্জ্বল ভবিষ্যত সুরক্ষিত করবে।"

সাজ সজ্জার জন্য নিউ সাউথওয়েলস সরকারের কাছ থেকে ৩,০০,০০০ ডলারের তহবিল নিয়ে অক্টোবরে স্পেসকিউবড খোলা হলে তা হাবের প্রথম টেকসই ব্যবসায় পরিণত হবে।

২০২১ সালের ডিসেম্বরে নিউ সাউথওয়েলস সরকার প্যারামাটা নর্থ হেরিটেজ প্রিসিনক্টের পুন: প্রতিষ্ঠা এবং তা চালু করার জন্য ৫৩.৮মিলিয়নডলার অতিরিক্ত তহবিল ঘোষণা করেছে।

পরিকল্পনা ও গৃহায়ন মন্ত্রী অ্যান্টনি রবার্টস বলেছেন, নতুন নতুন উদ্ভাবন এবং প্রযুক্তির সুযোগের সাথে প্রিসিনক্টের সমৃদ্ধ সাংস্কৃতিক ঐতিহ্যকে সম্মিলন করার ক্ষেত্রে WSSH-এর একটি গুরুত্বপূর্ণ ভূমিকা থাকবে।

মিঃ রবার্টস আরো বলেছেন,"এই উদ্ভাবনী স্থানটি পুনঃপ্রতিষ্ঠিত প্যারামাটা নর্থ হেরিটেজ প্রিসিনক্টে কর্মসংস্থান সৃষ্টি, আরও দর্শকের আগমন এবং একটি প্রাণবন্ত পরিবেশ তৈরিকে উৎসাহিত করবে।"

প্যারামাটার সংসদ সদস্য ড. জিওফ লি বলেন, আধুনিক সুযোগ সুবিধা এবং সহযোগিতা মূলক স্থান গুলি নিয়ে ওয়েস্টার্ন সিডনি এবং প্যারামাটা নর্থ হেরিটেজ প্রিসিনক্ট আগামী দিনের উদ্ভাবক এবং উদ্যোক্তাদের জন্য একটি প্রজনন ক্ষেত্র হিসাবে অব্যাহত থাকবে।

Jobs For NSW
NSW GOVERNMENT

ডঃ লি বলেছেন, "ওয়েস্টার্ন সিডনিতেযেসকলউদ্ভাবক এবং উদ্যোক্তা একটু খানি জায়গা খুঁজছেন তাদের জন্য স্পেস কিউবড একটি প্ল্যাটফর্ম প্রদানের পথকে সুগম করবে বলে আমরা প্রত্যাশা করছি।"

"WSSH প্রতিভাবান ব্যক্তিদের সমমনা সংস্থা গুলির কর্মী বাহিনীতে যোগদান করার জন্য এবংএর ফলস্বরূপ, নিউ সাউথওয়েলসের জনগণের জন্য নতুন এবং উন্নত ফলাফল প্রদান করার জন্য একটি প্ল্যাটফর্ম প্রদান করে।"

স্পেস কিউবডএরসিইও ব্রডিম্যাককালোক বলেছেন যে হাবটি ওয়েস্টার্ন সিডনিকে বৈশ্বিক মঞ্চে উদ্ভাবন এবং প্রযুক্তির ক্ষেত্রে একটি প্রধান গন্তব্য হিসাবে প্রতিষ্ঠিত করবে।

মিঃ ম্যাককালোক বলেছেন, "সিডনিতে উদ্ভাবন এবং প্রযুক্তি খাত দ্রুত বৃদ্ধি পাচ্ছে এবং আমরা এর সম্প্রসারণে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করতে পেরে সৌভাগ্যবান।"

"নিউ সাউথওয়েলস সরকারের ক্রমাগত সহযোগিতার কারণে আমরা ওয়েস্টার্ন সিডনিকে ব্যবসায়িক বিনিয়োগ এবং অগ্রসর চিন্তার উদ্ভাবকদের জন্য একটি প্রতিযোগিতামূলক স্থান হিসাবে চালিত করতে যা যা করা সম্ভব তা করব।"

খাদীজা বিনতু খুওয়াইলিদ (রা)

নাম তাঁর খাদীজা। কুনিয়াত 'উম্মু হিন্দ এবং লকব 'তাহিরা'। পিতা খুওয়াইলিদ, মাতা ফাতিমা বিনতু যায়িদ। জন্ম 'আমুল ফীল' বা হস্তীবর্ষের পনের বছর আগে মক্কা নগরীতে। পিতৃ-বংশের উর্ধ পুরুষ কুসাঈ-এর মাধ্যমে রাসূলুল্লাহর (সা) নসবের সাথে তাঁর নসব মিলিত হয়েছে। জাহিলী যুগেই পূতপবিত্র চরিত্রের জন্য 'তাহিরা' উপাধি লাভ করেন। (আল-ইসাবা) রাসূলুল্লাহ (সা) ও খাদীজার (রা) মধ্যে ফুফু-ভাতিজার দূর সম্পর্ক ছিল। এ কারণে, নবুওয়াত লাভের পর খাদীজা (রা) রাসূলুল্লাহকে (সা) তাঁর চাচাতো ভাই ওয়ারাকা ইবন নাওফিলের কাছে নিয়ে গিয়ে বলেন, 'আপনার ভাতিজার কথা শুনুন।' সম্ভবতঃ বংশগত সম্পর্কের ভিত্তিতেই তিনি একথা বলেছিলেন। পিতা খুওয়াইলিদ তৎকালীন আরব সমাজের বিশিষ্ট তাওরাত ও ইনজীল বিশেষজ্ঞ ওয়ারাকা ইবন নাওফিলকে খাদীজার বর নির্বাচন করেছিলেন, কিন্তু কেন যে তা বাস্তবে রূপ লাভ করেনি সে সম্পর্কে ঐতিহাসিকরা নীরব। শেষ পর্যন্ত আবু হালা ইবন যারারাহ আত-তামীমীর সাথে তাঁর প্রথম বিয়ে হয়। জাহিলী যুগেই তাঁর মৃত্যু হয়। আবু হালার মৃত্যুর পর 'আতীক বিন আবিদ আল-মাখযুমীর সাথে তাঁর দ্বিতীয় বিয়ে হয়। (শারহুল মাওয়াহিব, আল-ইসতিয়ার) তবে কাতাদার সূত্রে জানা যায়, তাঁর প্রথম স্বামী 'আতীক, অতঃপর আবু হালা। তবে প্রথমোক্ত মতটি ইবন আবদিল বার সহ অধিকাংশের মত বলে ইবন হাজার উল্লেখ করেছেন।

খাদীজার পিতা খুওয়াইলিদ ইবন আসাদ ছিলেন ফিজার যুদ্ধে নিজ গোত্রের কমাণ্ডার। তিনি ছিলেন বহু সন্তানের জনক। দ্বিতীয় সন্তান হযরত খাদীজা। পাঁচ ভাই-বোনের মধ্যে হিযাম, আওয়াম এবং রুকাইয়া ইসলামের আবির্ভাবের আগেই মারা যান। হযরত খাদীজা ও হালা ইসলাম গ্রহণের সৌভাগ্য লাভ করেছিলেন। খাদীজার পিতার মৃত্যু কখন হয়েছিল, সে সম্পর্কে মতভেদ আছে। কেউ বলেছেন,ফিজার যুদ্ধে মারা যান। ইমাম সুহাইলীর মতে ফিজার যুদ্ধের আগেই মারা যান। তখন খাদীজার বয়স পঁয়ত্রিশ। কারো কারো মতে রাসূলুল্লাহর (সা) বিয়ের পর তিনি মারা যান। (হায়াতুস সাহাবা- ২/৬৫২)

পিতা বা স্বামীর মৃত্যু বা যে কোন কারণেই হোক কুরাইশ বংশের অনেকের মত খাদীজাও ছিলেন একজন বড় ব্যবসায়ী। ইবন সা'দ তাঁর ব্যবসায় সম্পর্কে বলছেন : 'খাদীজা ছিলেন অত্যন্ত সম্মানিত ও সম্পদশালী ব্যবসায়ী মহিলা। তাঁর বাণিজ্য সম্ভার সিরিয়া যেত এবং তাঁর একার পণ্য কুরাইশদের সকলের পণ্যের সমান হতো।' ইবন সা'দের এ মন্তব্য দ্বারা খাদীজার ব্যবসায়ের পরিধি উপলব্ধি করা যায় । অংশীদারী বা মজুরী বিনিময়ে যোগ্য লোক নিয়োগ করে তিনি দেশ বিদেশে মাল কেনাবেচা করতেন।

রাসূলুল্লাহ (সা) তখন পঁচিশ বছরের যুবক। এর মধ্যে চাচা আবু তালিবের সাথে বা একাকী কয়েকটি বাণিজ্য সফরে গিয়ে ব্যবসায় সম্পর্কে যথেষ্ট অভিজ্ঞতা অর্জন করে ফেলেছেন। ব্যবসায়ে তাঁর সততা ও আমানতদারীর কথাও মক্কার মানুষের মুখে মুখে ছড়িয়ে পড়েছে। সবার কাছে তিনি তখন আল-আমীন। তাঁর সুনামের কথা খাদীজার কানেও পৌঁছেছে। বিশেষতঃ তাঁর ছোট ভাই-বউ সাফিয়্যার কাছে আল-আমীন মুহাম্মদ (সা) সম্পর্কে বহু কথাই শুনে থাকবেন।

হযরত খাদীজা একবার কেনাবেচার জন্য সিরিয়ায় পণ্য পাঠাবার চিন্তা করলেন। যোগ্য লোকের সন্ধান করছেন। এ প্রসঙ্গে ওয়াকিদী থেকে যারকানীর বর্ণনা: 'আবু তালিব মুহাম্মাদকে (সা) ডেকে বললেন : ভাতিজা! আমি একজন দরিদ্র মানুষ, সময়টাও খুব সঙ্কটজনক । মারাত্মক দুর্ভিক্ষের কবলে আমরা নিপতিত। আমাদের কোন ব্যবসায় বা অন্য কোন উপায়-উপকরণ নেই। তোমার গোত্রের একটি বাণিজ্য কাফিলা সিরিয়া যাচ্ছে। খাদীজা তাঁর পণ্যের সাথে পাঠানোর জন্য কিছু লোকের খোঁজ করছে। তুমি যদি তার কাছে যেতে, হয়তো তোমাকেই সে নির্বাচন করতো। তোমার চারিত্রিক নিষ্কলুষতা তার জানা আছে। যদিও তোমার সিরিয়া যাওয়া আমি পছন্দ করিনে এবং ইয়াহুদীদের পক্ষ থেকে তোমার জীবনের আশঙ্কা করি, তবুও এমনটি না করে উপায় নেই।' জবাবে রাসূল (সা) বললেন, সম্ভবতঃ সে নিজেই লোক পাঠাবে। আবু তালিব বললেন : হয়তো অন্য কাউকে সে নিয়োগ করে ফেলবে। চাচা-ভাতিজার এ সংলাপের কথা খাদীজার কানে গেল। 'তিনি রাসূলুল্লাহর (সা) নিকট লোক পাঠালেন।' (টীকা, সীরাতু ইবন হিশাম-১/১৮৮) উল্লেখ থাকে যে, কৈশোরে একবার রাসূল (সা) চাচার সাথে সিরিয়া গিয়েছিলেন। তখন পাদরী 'বুহাইরা' রাসূলুল্লাহ (সা) সম্পর্কে আবু তালিবকে সতর্ক করে দিয়েছিলেন । উপরোক্ত বর্ণনায় আবু তালিব সে দিকেই ইঙ্গিত করেছেন।

খাদীজা লোক মারফত মুহাম্মাদের (সা) কাছে প্রস্তাব পাঠালেন, তিনি যদি ব্যবসায়ের দায়িত্ব নিয়ে সিরিয়া যান, অন্যদের তুলনায় খাদীজা তাঁকে দ্বিগুণ মুনাফা দেবেন। মুহাম্মাদ (সা) রাজী হলেন। খাদীজার (রা) পণ্য-সামগ্রী নিয়ে তাঁর বিশ্বস্ত দাস মায়সারাকে সঙ্গে করে মুহাম্মাদ (সা) চললেন সিরিয়া । পথে এক গীর্জার পাশে একটি গাছের ছায়ায় বসে আছেন তিনি।
গীর্জার পাদ্রী এগিয়ে গেলেন মায়সারার দিকে। জিজ্ঞেস করলেন : 'গাছের নিচে বিশ্রামরত লোকটি কে?' মায়সারা বললেন : 'মক্কার হারামবাসী কুরাইশ গোত্রের একটি লোক।' পাদ্রী বললেন : 'এখন এই গাছের নীচে যিনি বিশ্রাম নিচ্ছেন তিনি একজন নবী ছাড়া আর কেউ নন।' ঐতিহাসিকরা এই পাদ্রীর নাম 'নাসতুরা' বলে উল্লেখ করেছেন। (টীকা, সীরাতু ইবন হিশাম-১/১৮৮) তবে ইবন হাজার 'আসকালানী এই পাদ্রীর নাম 'বুহাইরা' বলেছেন। (আল-ইসাবা : ৪/২৮১) তিনি আরো বলেছেন, এই বাণিজ্য সম্ভার নিয়ে রাসূল (সা) বসরার বাজারে গিয়েছিলেন। তাবারী ইবন শিহাব যুহরী থেকে বর্ণনা করেছেন, রাসূলুল্লাহ (সা) খাদীজার পণ্য নিয়ে সিরিয়া নয়, বরং ইয়ামনের এক হাবশী বাজারে গিয়েছিলেন। তবে সিরিয়া যাওয়ার বর্ণনাটাই সর্বাধিক প্রসিদ্ধ । (তারীখুল উম্মাহ আল ইসলামিয়া, মুহাম্মদ আল-খিদরী বেক : ১/৬৪)

রাসূলুল্লাহ (সা) সিরিয়ার বাজারে পণ্যদ্রব্য বিক্রী করলেন এবং যা কেনার তা কিনলেন। তারপর মায়সারাকে সঙ্গে করে মক্কার পথে রওয়ানা হলেন। পথে মায়সারা লক্ষ্য করলেন, রাসূল (সা) তাঁর উটের ওপর সওয়ার হয়ে চলেছেন, আর দু'জন ফিরিশতা দুপুরের প্রচণ্ড রোদে তাঁর ওপর ছায়া বিস্তার করে রেখেছে। এভাবে মক্কায় ফিরে খাদীজার পণ্য-সামগ্রী বিক্রী করলেন। ব্যবসায়ে এবার দ্বিগুণ অথবা দ্বিগুণের কাছাকাছি মুনাফা হলো। বাড়ী ফিরে বিশ্বস্ত ভৃত্য মায়সারা তাঁর মনিব খাদীজার নিকট পাদ্রীর মন্তব্য এবং সফরের অলৌকিক ঘটনাবলী সবিস্তার বর্ণনা করলেন। (সীরাতু ইবন হিশাম-১/১৮৯)

হযরত খাদীজা (রা) ছিলেন এক বিচক্ষণ ও বুদ্ধিমতি ভদ্র মহিলা। তাঁর ধন-সম্পদ,ভদ্রতা ও লৌকিকতায় মক্কার সর্বস্তরের মানুষ মুগ্ধ ছিল। অনেক অভিজাত কুরাইশ যুবকই তাঁকে সহধর্মিনী হিসেবে লাভ করার প্রত্যাশী ছিল। তিনি তাদের সকলকে প্রত্যাখ্যান করেন । মায়সারার মুখে সবকিছু শুনে খাদীজা নিজেই রাসূলুল্লাহর (সা) নিকট বিয়ের পয়গাম পাঠান। (সীরাতু ইবন হিশাম-১/১৮৯) বিয়ের প্রস্তাব কিভাবে এবং কেমন করে হয়েছিল সে সম্পর্কে নানা রকম বর্ণনা রয়েছে। তবে খাদীজাই যে সর্বপ্রথম রাসূলুল্লাহর (সা) নিকট প্রস্তাবটি পেশ করেন সে ব্যাপারে সব বর্ণনা একমত ।

একটি বর্ণনায় এসেছে, খাদীজা (রা) নিজেই রাসূলুল্লাহর (সা) সাথে কথা বলেন এবং তাঁর পিতার নিকট প্রস্তাবটি উত্থাপন করার জন্য অনুরোধ করেন। কিন্তু তিনি অস্বীকৃতি জানান এই বলে যে, দারিদ্রের কারণে হয়তো খাদীজার পিতা তাঁকে প্রত্যাখ্যান করবেন। অবশেষে খাদীজার পিতা যখন অতিরিক্ত মদপান করে মাতাল অবস্থায় ছিলেন তখন খাদীজা নিজেই বিষয়টি তাঁর কাছে উত্থাপন করেন এবং সম্মতি আদায় করেন। কিন্তু সুস্থ হয়ে আবার তিনি বেঁকে বসেন। তবে খাদীজা পুনরায় তাঁর সম্মতি আদায় করেন। (হায়াতুস সাহাবা-২/৬৫২) অন্য একটি বর্ণনায় এসেছে, হযরত ইয়ালার স্ত্রী ও খাদীজার বান্ধবী 'নাফীসা বিনতু মানিয়্যা' এ ব্যাপারে পুরো উদ্যোগ গ্রহণ করেন। তিনিই সর্বপ্রথম খাদীজার পক্ষ থেকে রাসূলুল্লাহর (সা) নিকট এভাবে প্রস্তাব পেশ করেন :

'আপনাকে যদি ধন-সম্পদ, সৌন্দর্য ও জীবিকার নিশ্চয়তার দিকে আহ্বান জানানো হয়, আপনি কি গ্রহণ করবেন ?.... এ কথাগুলি ছিল হযরত খাদীজা সম্পর্কে। কথা পাকাপাকি হয়ে গেল। নির্ধারিত তারিখে আবু তালিব, হামযাসহ রাসূলুল্লাহর (সা) খান্দানের আরো কিছু ব্যক্তি খাদীজার বাড়ী উপস্থিত হলেন। খাদীজাও তাঁর খান্দানের বিশিষ্ট ব্যক্তিবর্গকে দাওয়াত দিয়েছিলেন। সকলের উপস্থিতিতে আবু তালিব বিয়ের খুতবা পাঠ করলেন। সাহিত্যিক উৎকর্ষের দিক দিয়ে এ খুতবা জাহিলী যুগের আরবী-গদ্য সাহিত্যে বিশেষ স্থান অধিকার করে আছে। পাঁচশ' স্বর্ণমুদ্রা মোহর ধার্য্য হয় । খাদীজা নিজেই উভয় পক্ষের যাবতীয় খরচ বহন করেছিলেন। তিনি দুই উকিয়া সোনা ও রুপো রাসূলুল্লাহর (সা) নিকট পাঠান এবং তা দিয়ে উভয়ের পোশাক ও ওয়ালীমার বন্দোবস্ত করতে বলেন। (হায়াতুস সাহাবা-২/৬৫২) এভাবে হযরত খাদীজা হলেন 'উম্মুল মুমিনীন'। এটা নবুয়াত প্রকাশের পনের বছর পূর্বের ঘটনা। সে সময় তাঁদের উভয়ের বয়স সম্পর্কে সীরাত বিশেষজ্ঞদের মতপার্থক্য থাকলেও সর্বাধিক সঠিক মতানুযায়ী রাসূলুল্লাহর (সা) বয়স ছিল পঁচিশ এবং খাদীজার চল্লিশ।

বিয়ের পনের বছর পর হযরত নবী করীম (সা) নবুওয়াত লাভ করেন। তিনি খাদীজাকে (রা) সর্বপ্রথম এ বিষয়ে অবহিত করেন। পূর্ব থেকেই খাদীজা রাসূলুল্লাহর (সা) নবী হওয়া সম্পর্কে দৃঢ় প্রত্যয়ী ছিলেন। সহীহ বুখারীর 'ওহীর সূচনা' অধ্যায়ে একটি হাদীসে বিষয়টির বিস্তারিত আলোচনা এসেছে। হযরত আয়িশা (রা) বলেনঃ রাসূলুল্লাহর (সা) প্রতি প্রথম ওহীর সূচনা হয় ঘুমে সত্য স্বপ্নের মাধ্যমে। স্বপ্নে যা কিছু দেখতেন তা সকাল বেলার সূর্যের আলোর ন্যায় প্রকাশ পেত। তারপর নির্জনে থাকতে ভালোবাসতেন । খানাপিনা সঙ্গে নিয়ে হিরা গুহায় চলে যেতেন। সেখানে একাধারে কয়েকদিন ইবাদতে মশগুল থাকতেন। খাবার শেষ হয়ে গেলে আবার খাদীজার কাছে ফিরে আসতেন। খাদ্যদ্রব্য নিয়ে আবার গুহায় ফিরে যেতেন। এ অবস্থায় একদিন তাঁর কাছে সত্যের আগমন হলো। ফিরিশতা এসে তাঁকে বললেন : আপনি পড়ুন। তিনি বললেন : 'আমি তো পড়া-লেখার লোক নই।' ফিরিশতা তাঁকে এমন জোরে চেপে ধরলেন যে তিনি কষ্ট অনুভব করলেন। ছেড়ে দিয়ে আবার বললেন : 'পড়ুন' । তিনি আবারো বললেন : 'আমি পড়া-লেখার লোক নই' । ফিরিশতা দ্বিতীয় ও তৃতীয়বারও তাঁর সাথে প্রথমবারের মত আচরণ করলেন। অবশেষে বললেন : 'পড়ুন' আপনার প্রতিপালকের নামে যিনি সৃষ্টি করেছেন। যিনি সৃষ্টি করেছেন মানুষকে জমাট রক্তপিণ্ড থেকে.....' রাসূল (সা) ভয়ে কাঁপতে কাঁপতে ঘরে ফিরলেন। খাদীজাকে ডেকে বললেন : 'আমাকে কম্বল দিয়ে ঢেকে দাও, কম্বল দিয়ে ঢেকে দাও।' তিনি ঢেকে দিলেন । তাঁর ভয় দূর হয়ে গেল। তিনি খাদীজার নিকট পুরো ঘটনা খুলে বললেন এবং নিজের জীবনের আশংকার কথা ব্যক্ত করলেন। খাদীজা বললেন: না, তা কক্ষণো হতে পারে না। আল্লাহর কসম, তিনি আপনাকে লাঞ্ছিত করবেন না। আপনি আত্মীয়তার বন্ধন সুদৃঢ়কারী, গরীব-দুঃখীর সাহায্যকারী, অতিথিপরায়ণ ও মানুষের বিপদে সাহায্যকারী।' অতঃপর খাদীজা (রা) রাসূলুল্লাহকে (সা) সংগে করে তাঁর চাচাতো ভাই ওয়ারাকা ইবন নাওফিলের নিকট নিয়ে যান। সেই জাহিলী যুগে তিনি খৃষ্টধর্ম গ্রহণ করেছিলেন।

হিব্রু ভাষায় ইনজীল কিতাব লিখতেন। তিনি বৃদ্ধ ও দৃষ্টিহীন। খাদীজা (রা) বললেন: 'শুনুন তো আপনার ভাতিজা কি বলে।' তিনি জিজ্ঞেস করলেন : 'ভাতিজা তোমার বিষয়টি কি?' রাসূলুল্লাহ (সা) পুরো ঘটনা বর্ণনা করলেন। শুনে ওয়ারাকা বললেন

'এতো সেই 'নামূস'- আল্লাহ যাঁকে মুসার (আ) নিকট পাঠিয়েছিলেন। আফসুস! সে দিন যদি আমি জীবিত ও সুস্থ থাকতাম, যেদিন তোমার দেশবাসী তোমাকে দেশ থেকে তাড়িয়ে দেবে।' রাসূলুল্লাহ (সা) জিজ্ঞেস করলেন : 'এরা আমাকে দেশ থেকে বের করে দেবে? তিনি বললেন : হ্যাঁ, তুমি যা নিয়ে এসেছো, যখনই কোন ব্যক্তি তা নিয়ে এসেছে, সারা দুনিয়া তাঁর বিরোধী হয়ে গেছে। যদি সে সময় পর্যন্ত আমি বেঁচে থাকি, তোমাকে সব ধরনের সাহায্য করবো। (বুখারী, ১ম খণ্ড) এ ঘটনার অল্প কিছুদিনের মধ্যে ওয়ারাকার মৃত্যু হয়।

ইসলাম গ্রহণের পর হযরত খাদীজা তাঁর সকল ধন-সম্পদ তাবলীগে দ্বীনের লক্ষ্যে ওয়াকফ করেন। রাসূল (সা) ব্যবসা-বাণিজ্য ছেড়ে আল্লাহর ইবাদাত এবং ইসলাম প্রচারে আত্মনিয়োগ করেন। সংসারের সকল আয় বন্ধ হয়ে যায়।

চলবে

সুপ্রভাত সিডনি
The Leading Australian Bangladesh Monthly Community Newspaper | সত্যের সাথে সব সময়

জঙ্গি নাটক কি আওয়ামী লীগের নির্বাচনী বৈতরণী পার হওয়ার নৌকা?

১ম পৃষ্ঠার পর

এই জঘন্য মানবতাবিরোধী অপরাধের জন্য বর্তমানে বাংলাদেশ পুরো বিশ্বে পরিচিত। বাংলাদেশের র‍্যাপিড একশন ব্যাটালিয়ন বা র‍্যাব বাহিনী এবং এই বাহিনীর সাথে জড়িত সাত কর্মকর্তার বিরুদ্ধে যুক্তরাষ্ট্রের ট্রেজারি ডিপার্টমেন্টের সাম্প্রতিক নিষেধাজ্ঞা জারির পেছনে এই বাহিনী কর্তৃক পরিচালিত গুমের ঘটনাগুলোর বেশ গুরুত্বপূর্ণ ভূমিকা রয়েছে।

আন্তর্জাতিক সমস্ত নিন্দা ও প্রতিক্রিয়ার পরও বাংলাদেশ সরকার গুমের চর্চা বন্ধ না করে বরং গুমের জন্য অন্যতম অভিযুক্ত পুলিশ কর্মকর্তা বেনজির আহমেদকে জাতিসংঘের সম্মেলনের সুযোগ নিয়ে জোর করে আমেরিকা ভ্রমণ করিয়ে এনে সমস্ত কূটনৈতিক সৌজন্যকে বৃদ্ধাঙ্গুলি দেখিয়েছে। বেনজিরের অবসরের পর পুলিশ প্রধান হিসেবে তারা যে মামুনকে নিয়োগ দিচ্ছে, সেও আমেরিকার এই নিষেধাজ্ঞার আওতাভুক্ত এক মানবতাবিরোধী অপরাধী।

এই সমস্ত প্রেক্ষাপটেই বাংলাদেশের পুলিশ তরুণ চিকিৎসক শাকিরকে দুই দিনের জন্য গুম করেছিলো। কুমিল্লায় যে সাত তরুণকে নিখোঁজ হিসেবে দেখানো হচ্ছে, বাংলাদেশে সচেতন মানুষরা ধারণা করে তারা আসলে পুলিশের হাতেই অপহৃত হয়েছে এবং গুমের শিকার। বড় ধরণের কোন জঙ্গি ও সন্ত্রাসী ঘটনার পর তাদেরকে অপরাধী হিসেবে দেখানো হবে। আমার দেশ পত্রিকার সম্পাদক মাহমুদুর রহমান তাঁর বিভিন্ন সাক্ষাতকারে স্পষ্ট ভাষায় বলেছেন বাংলাদেশের পুলিশ তরুণ, নারী এবং শিশুদেরকেও গুম করে তারপর বিভিন্ন জঙ্গি বিস্ফোরণের ঘটনায় তাদেরকে হত্যা করে অপরাধী হিসেবে প্রচার করে। বাংলাদেশ পুলিশের সাজানো এইসব জঙ্গিবিরোধী অভিযানে নিরীহ নারী এবং নিষ্পাপ শিশুদেরকে পর্যন্ত বিনাবিচারে নিষ্ঠুরভাবে গুলি ও বোমা বিস্ফোরণে হত্যা করা হয়।

শাকির বিন ওয়ালীর গুম এবং কোন প্রমাণ ছাড়াই বানোয়াট অভিযোগে রিমান্ডের এই ঘটনাবলীর পরপরই বাংলাদেশের প্রথম আলো পত্রিকা নিখোঁজ হওয়া তরুণদেরকে নিয়ে বিস্তারিত একটি প্রতিবেদন প্রকাশ করে। বাংলাদেশে দালাল সংবাদমাধ্যমগুলো যে পদ্ধতিতে সরকারের এজেন্ডা বাস্তবায়ন করে, সেই অভিজ্ঞতার প্রেক্ষিতে এই জঙ্গি নাটকের সন্দেহ মানুষের মনে আরো পাকাপোক্ত হয়েছে পত্রিকাটির এই প্রতিবেদনের পর। এর আগেও বাংলাদেশের বিপুল আলোড়ন সৃষ্টি করা নৃশংস কিন্তু রহস্যজনক জঙ্গি আক্রমণের ঘটনায় রহস্যজনক কিছু চরিত্রকে বাংলাদেশের কিছু পত্রিকা মহান ও নির্দোষ সাজানোর জন্য দীর্ঘদিন যাবত প্রচারণা চালিয়ে যাওয়ার বিষয়টি অনেকের সামনেই পরিস্কার।

নিউইয়র্কের টুইন টাওয়ার ধ্বংসের পর সারা পৃথিবী ওয়ার অন টেরর বা 'অনন্ত' সন্ত্রাসবিরোধী যুদ্ধের যুগের সুচনা হয়েছিলো, সেই যুগও বর্তমানে শেষ হয়ে এসেছে। বর্তমানে বৃহৎ পরাশক্তি আমেরিকা অন্য আরেক শক্তি চীনের সাথে ছদ্ম-যুদ্ধে লিপ্ত হয়েছে। একইসাথে ইউক্রেন-রাশিয়া যুদ্ধের কারণে রাশিয়ার সাথেও সংঘাতে লিপ্ত হয়েছে পশ্চিমা দেশগুলো। কিন্তু পশ্চিমের পরিত্যক্ত এই মুসলিম জঙ্গিবাদকে শত্রু হিসেবে নিয়ে কাজে লাগানোর চেষ্টায় আছে উগ্র হিন্দুত্ববাদী ভারতীয় সরকার এবং ভারতীয় সরকারের সেবাদাস বাংলাদেশ সরকার।

২০১৪ এবং ২০১৮ সালের মধ্যরাতের এবং কেন্দ্র দখল করা পরিহাসের দুইটি জাতীয় নির্বাচনের পর আবারও আরেকটি জাতীয় নির্বাচনের দ্বারপ্রান্তে এসে দাঁড়িয়েছে বাংলাদেশ। আওয়ামী লীগের অধীনে আগের নির্বাচনগুলোকে আন্তর্জাতিক মহল এমনকি উত্তর কোরিয়া এবং আফ্রিকান কিছু দেশের নির্বাচনের সাথেও তুলনা করেছিলো। তথাপি ক্ষমতা দখল করে রাখার জন্য মরিয়া ফ্যাসিবাদী শক্তি আওয়ামী লীগ যেভাবে সকল আন্তর্জাতিক নিন্দাবাদের পরও গুম ও ক্রসফায়ারের মতো মানবতাবিরোধী অপরাধ থেকে নিরস্ত হয়না, সেভাবেই তারা যে কোন ছলে-বলে-কৌশলে আবারও দখলদারীর নির্বাচন সম্পন্ন করবে এটা নিশ্চিতভাবেই বলে দেয়া যায়।

বাংলাদেশের বাকশালী গোষ্ঠীর এই মরিয়া অবস্থা ইতিমধ্যেই সারা দেশের বিভিন্ন স্থানে নিরস্ত্র ও গণতান্ত্রিক প্রতিবাদে অংশগ্রহণকারী বিএনপি কর্মীদেরকে নিষ্ঠুরভাবে দুর থেকে রাইফেলের সরাসরি গুলিতে হত্যার বেশ কয়েকটি ঘটনায় পরিস্কার বুঝা যায়। নারায়ণগঞ্জ এবং মুন্সীগঞ্জে বিএনপি কর্মীদেরকে প্রকাশ্য দিবালোকে হত্যার জন্য বাংলাদেশের পুলিশকে মাঠে নামানো হয়েছে এবং পুলিশ সেই জল্লাদের দায়িত্ব পালন করেছে।

নির্বাচনকে আয়ত্বে রাখার জন্য হাজার কোটি টাকা খরচ করে প্রহসনের ইভিএম মেশিনও কাজে লাগানো হচ্ছে। আওয়ামী লীগ নেতারা প্রকাশ্যে ঘোষণা দিয়েছে যে বাটনেই চাপ দেয়া হোক না কেন সব ভোট যাবে নৌকায়। প্রশাসন, বিচারবিভাগ ও সামরিক বিভাগ সবকিছুই সরকারের পুরোপুরি আজ্ঞাবহ এখন। এত সব আয়োজনের পরও আন্তর্জাতিক মহলের কিছু সমর্থন দরকার আওয়ামী লীগের। বাংলাদেশের রাজনীতির সচেতন পর্যবেক্ষকদের মতামত হলো, জঙ্গিবিরোধী কার্ডের কার্যকারিতা পশ্চিমা বিশ্বে প্রায় শেষ হয়ে এলেও গ্রহণযোগ্যতা এখনো পুরোপুরি শেষ হয়নি। সুতরাং সেই বাতিল কার্ডের ছুতো ধরেই সম্ভবত উগ্র হিন্দুত্ববাদের ভাবশিষ্য আওয়ামী লীগ চেষ্টা করছে এবারের নির্বাচন বৈতরণী পার হওয়ার জন্য। সেই দুষ্টচক্রে মিথ্যা গল্প সাজাতে দক্ষ এবং গুম-খুনের কারিগর বাংলাদেশ পুলিশ এবং তাদের সহযোগী তথ্যমাধ্যমগুলোর ঘৃণ্য ষড়যন্ত্রের শিকার হচ্ছে ডা. শাকিরের মতো অনেক অসহায় ও নির্দোষ মানুষ।

সুপ্রভাত সিডনি
The Leading Australian Bangladesh Monthly Community Newspaper। সত্যের সাথে সব সময়
Sydney, October-2022
Year-14

গহরজান

আহমদ রাজু

তিন ছেলে মিলে মায়ের জমিটা লিখে নেয়ার আগের দিন পর্যন্ত সব ঠিকই ছিল। আজ সকালের সূর্যটা অন্যরকম। কেউ যেন তাকে পাত্তাই দিতে চায় না। অথচ গতপরশু সকালে তবির বউ ঘরে নিয়ে কাঠের চেয়ারটাতে বসিয়ে খাওয়ালো! হবির বউ তখন বলে, "ইস! মা'র চুলির কী অবস্থা! খাওয়া হয়ে গিলি চুলি তেল দিয়ে দিবানে। মেঝো তোরে তো কওয়াই হইনি, মা কিন্তু দুপুরি আমাগ্যের ওহানে খাবেনে।" কোথায় ছিল রবির বউ কে জানে। সে হঠাৎ এসে বলে, "কি লো বু, মা কী ত্যোগের একার? তুমাগের দেবর কাল রাত্তিরি হাটেত্তে নলা মাছ আনিছিল। মা'রে খাওয়াবো বলেইতো পেঁপোলি শাঁক দিয়ে রান্দিছি। মা'র আবার পেঁপোলি শাঁক দিয়ে নলা মাছ খুব পছন্দ।"

তিন ছেলে আর তাদের বউয়ের এমন আদর-আপ্যায়ন শুধু যে একদিন তা নয়, বেশ ক'দিন থেকে চলছিল এমন প্রতিযোগিতা। শাশুড়ী কী খেতে ভালবাসে আর বাসে না তা অকপটে তারা বলে যাচ্ছে! এই যে পেঁপোলি শাঁক আর নলা মাছের কথা বললো ছোট বউ, কই কোনদিন তো কাউকে বলেনি এমন কথা। সে পেঁপোলি শাঁক ভালবাসে এটা সত্য, তার সাথে ঢাসা পুঁটি মানায়। কেন এমন ভালবাসার ঢেউ শুরু হয়েছিল তাকে কেন্দ্র করে, গতকাল সকাল পর্যন্ত তার উত্তর খুঁজে পায়নি গহরজান।

স্বামী মারা গেছে বহু বছর আগে। তখন ইয়াসমিন পেটে। চৈত্রের কড়া দুপুর, সূর্য তখন মাথার ওপর। মালেক ফকির বেগুন ক্ষেতের আগাছা নিংড়িয়ে বাড়িতে এসে বারান্দার খুঁটিতে হেলান দিয়ে বসে পড়ে। তিন ছেলে তখন খুব ছোট। তারা পাশের বাঁশ ঝাড়ের নিচে খেলাধূলায় মগ্ন। "গহরজান এক গ্যালাস পানি দিবা।" হাঁক ছাড়ে মালেক ফকির।

অপেক্ষাকৃত দূরত্বে রান্না ঘর। সেখান থেকে উত্তর দেয় গহরজান, "এট্টু বসো, আমি কলেত্তে ঠাণ্ডা পানি আনতিছি।"

"ঠাণ্ডা লাগবে না, যা আছে তাই দেও।" মালেক ফকিরের কণ্ঠস্বরের পরিবর্তন।

স্বামীর এমন কথায় মনে খটকা লাগে গহরজানের। সে তাড়াতাড়ি মাটির কলসি থেকে গ্লাসে পানি নিয়ে স্বামীর হাতে দেয়। গ্লাস হাতে নিয়ে মুখের কাছে নিতেই হাত থেকে গ্লাসটা নিচে পড়ে যায়। সাথে সাথে মালেক ফকিরও মাটিতে ঢলে পড়ে। গহরজানের সামনে মুহূর্তেই ঘটে যায় ঘটনাটা। যা আজও কোটরাবদ্ধ চোখের সামনে ভাসে তার। এক ভরা ভাদ্রের মতো যৌবনে স্বামীকে হারিয়ে মহা সংগ্রাম শুরু করে সে। একদিকে ছোট ছোট তিন ছেলে আর পেটে আগত সন্তান; অন্য দিকে দারিদ্রতা। তাছাড়া গ্রামের মাতব্বর শ্রেণী, পাতি মাস্তান আর উঠতি বয়সী নেতারা তো রয়েছে। তাদের থেকে নিজেকে রক্ষা করে চলাটাও তো চাট্টিখানি কথা না।

গহরজানের অদম্য ইচ্ছা শক্তি গ্রামের মহিলাদের কাছে অনুপ্রেরণা হয়ে ওঠে। স্বামীর যৎসামান্য জমিতে নিজেই হাল চাষ করে ফসল ফলায়। ছেলেদের মইয়ের ওপর উঠিয়ে জমি সমান করে সংসারটাকে কোন রকম দাঁড় করায়। ছেলে-মেয়েদের লেখাপড়া করিয়েছে যতদূর সম্ভব। তাদের বিয়ে দিয়েছে; আর কি? পুরোনো স্মৃতি রোমন্থন করে চোখের কোণে জলের একটা কণা উপস্থিত হয় যা বুঝতে পারে গহরজান। শুধু সুখের স্মৃতি কেন, দুঃখের স্মৃতি কম ছিল না তার জীবনে। আজকাল অনেক কিছু মনে করতে পারে না। যৌবনে অকথ্য খাঁটুনি আর বয়স তার চোখের সামনে থেকে বিদায় নিচ্ছে পুরোনো অনেক কিছু।

সকাল-দুপুর-বিকেল গড়িয়ে রাত হয়ে গেলেও তার খোঁজ কেউ খুব একটা নেয় না। বাড়ির সামনের আম গাছের নিচে বাঁশের মাঁচায় শুয়ে বসে দিন কাটে তার। মাঁচার ওপর টিনের ছাউনি; সেখানে রোদ বৃষ্টি খুব একটা স্পর্শ করে না। রাতে কারো দয়া হলে পূর্ব দিকের ঘরের বারান্দায় হাত ধরে নিয়ে যায়। একা একা ঘরের বারান্দায় যাওয়া অনেকটা কঠিন তার জন্যে। গত বছর ফাল্গুন মাসে একবার উঠানে পড়ে যেয়ে মাজায় যে ব্যথা পেয়েছিল তা বোধকরি মৃত্যুর আগপর্যন্ত মনে থাকবে। ভাগ্যিস গোলাম ডাক্তার মাজায় একটা ইনজেকশন দিয়েছিল। তারপর থেকে আর নিজে নিজে হাঁটার চেষ্টাও করে না সে। আর করলে যে হাঁটতে পারবে না সেটা নিশ্চিত।

সবার খাওয়া শেষ হলে হাঁড়ির তলানির ভাত আর সামান্য তরকারি থালায় পুরে গহরজানের সামনে রেখে যায় হবির বউ। অধিকাংশ দিন হবির বউ তার শাশুড়ীকে খাবার দেয়। অন্য দুই বউ কোন খবরই নেয় না। তাদের ধারণা শাশুড়ীর ওপর যতটুকু কর্তব্য তা বড় বউয়ের।

"ও বউ; হবিরেতো দেখলাম হাটেরতে মাছ আনতি? কই আমারে তো ইট্টুও দিলি নে। সুদো ভাত আর গিলতি ভাল লাগে না।" পা নিচে ঝুলিয়ে মাঁচার ওপর বসে ছিল গহরজান। পা উঠিয়ে অপেক্ষাকৃত একটু ঝুকে ভাতের থালা কাছে এগিয়ে নিতে নিতে কথাগুলো বলে সে।

হবির বউ খেঁকিয়ে ওঠে, "ঢং দেহে আর বাঁচিনে। দুই পা কবরে চলে গেছে তাও খাওয়া কমলো না। খায়ে খায়ে শুদু ছেড়োবানে। ও পাট করে কিডা কওদিনি?"

ছেলে বউয়ের কথায় গলার স্বর কমে আসে গহরজানের। সে নরম স্বরে বলে, "আর খাওয়া; তিন ছুয়ালরাই আমারে গলার কাটা ভাবতি শুরু করেচে। আর তুরাতো থাকলি পরের মায়ে।"

"বুড়ির কতো কতা আসপেনে। যদি কাজ করে খাওয়া লাগদো তালি অতো কতা আসতো না।" কথাগুলো বলতে বলতে ঘরের ভেতর চলে যায় হবির বউ।

গহরজান আর কথা বাড়ায় না। তার চোখ কেবলই ক্ষণে ক্ষণে চলে যায় পুরোনো দিনে। কী চেয়েছিল আর কী হলো! মাঝে মাঝে মনে হয়, এই সময় অতিবাহিত করা মানেই বুঝি সুখ।

২০১৯ সালের ডিসেম্বর। করোনা ভাইরাসের প্রকোপ শুরু হয়েছে বিশ্বজুড়ে। বাদ যায় না বাংলাদেশও। ২০২০ সালের ৮ মার্চ দেশে প্রথম করোনা রুগী সনাক্ত হয়। তারপর দিন বাড়ার সাথে সাথে বাড়তে থাকে রুগী, মৃত্যুর মিছিলে যোগ হয় গুণের নামতা। শহর- গ্রাম সব জায়গার চিত্র একই। শিক্ষা প্রতিষ্ঠান, কলকারখানা, অফিস আদালত সবকিছু অনির্দিষ্টকালের জন্যে বন্ধ। চারিদিকে হাহাকার, মৃত্যুর মিছিলে প্রতিদিন যুক্ত হচ্ছে হাজারো নাম। অতি প্রায়োজন ছাড়া হাটে, মাঠে, ঘাটে যাওয়া বারণ। গেলেও মুখোস পরে যেতে হচ্ছে। সরকারী বাহিনীর সাথে সামরিক বাহিনীও তৎপর। দোকানপাট নির্দিষ্ট সময়ের মধ্যে বন্ধ করতে সরকার অধ্যাদেশ জারী করেছে। এর ব্যতয় ঘটলে জরিমানা গুনতে নয়তো লাঞ্ছিত হতে হচ্ছে। একজন আরেকজনের সাথে কথা বলতেও দ্বিধাবোধ করে। টাকা-পয়সায় হাত দিলেও হাত জীবাণুনাশক দিয়ে পরিষ্কার করার চল শুরু হয়েছে। কেউ কেউ মুখের সামনে লেমিনেটিং পেপার টাঙিয়ে বাড়ি থেকে বের হচ্ছে। কী এক কিম্ভুতকিমাকার! বাসগাড়ি, ট্রেন এমনকি বিমানে মাঝের একটি আসন খালি রাখা হচ্ছে। টাকাওয়ালা যারা আছে, তারা পরিবার এবং আগামী দিনের কথা চিন্তা করে নিত্যপ্রয়োজনীয় দ্রব্যাদি মজুদ করা শুরু করেছে। গ্রামের চিত্র আরো অন্যরকম। গ্রামে ঢোকার মূল রাস্তায় আড়াআড়ি বাঁশ বেঁধে রেখেছে এলাকার লোকজন। অপরিচিত কাউকে ভেতরে ঢুকতে দেওয়া হচ্ছে না। জ্বর, সর্দি, গলায় ব্যথা হলেই তাকে আলাদা থেকে করোনা পরীক্ষা করতে হচ্ছে। পরীক্ষায় করোনা ভাইরাসের উপস্থিতি থাকলে তাকে অন্তত চৌদ্দ দিন সবার থেকে আলাদা থেকে চিকিৎসকের পরামর্শমত চিকিৎসা নিতে হচ্ছে। স্থানীয় স্বেচ্ছাসেবীরা সাধ্যমত চাল-ডাল নিয়ে তার বাড়ি যেয়ে লাল ফ্লাগ টাঙিয়ে দিয়ে আসে। কেউ আইন অমান্য করলেই তার বাড়ি পুলিশ যেয়ে শাসিয়ে আসছে। পৃথিবীর এই অসুখকে পুঁজি করে সুবিধাভোগীরা যার যার অবস্থানে থেকে সুবিধা ভোগ করছে দেদারছে।

সকাল থেকে গহরজানের জ্বর বেশ বেড়েছে। সাথে শুকনো কাশি। গলাব্যথার কারণে সকালে পান্তা ভাতও খেতে পারেনি। এখন জ্বর মানে করোনা ভাইরাস, এমন ভয় মনের মধ্যে সবার। সাথে শুকনো কাশি আর গলাব্যথা হলেতো কথায় নেই। নিশ্চিত করোনা। গ্রামের সহজ সরল মানুষের মনে এমন ধারণা আসতেই পারে। সত্যটা হলো, এমন ধারণা গ্রামের চেয়ে শহরের মানুষের মধ্যে বেশি দেখা দিয়েছে।

"ও বউ, আমারে এট্টু পানি দিবা?" মাঁচার ওপর কাত হয়ে শুয়ে ছিল গহরজান। দূরে হবির বউকে যেতে দেখে হাঁক ছাড়ে সে।

কথাটা হবির বউয়ের কানে গেলেও সে ভ্রুক্ষেপ করে না।

কেন যেন মনে হয়, হবির বউ তাকে পানি দিতে আসবে না। তাইতো বলে, "আল্লা যদি আমারে নিয়ে যাতো তালি বাঁচতাম। আল্লা তুমি আমারে নিয়ে যাও। কেন আমারে নিয়ে যাও না?" কোটরাবদ্ধ চোখ থেকে অশ্রু গড়িয়ে পড়ে কিনা তা বোঝা যায় না। তবে চোখ যে তার ছল ছল করে উঠেছে তা সহজেই অনুমান করা যায়। তৃষ্ণার মাত্রা বৃদ্ধি পাওয়ায় সে আবারো হাঁক ছাড়ে, "তুমাগের আল্লার কিরে লাগে, আমারে এটটু পানি দিয়ে যাও। আমি তো আর বাঁচতিছি নে।"

রবি ফসলের ক্ষেত থেকে এইমাত্র বাড়িতে এসে মায়ের হাঁকডাক শুনতে পেয়ে সেদিকে এগিয়ে যায়। দশ/বারো হাত দূরত্বে দাঁড়িয়ে থেকে বলল, "আমাগের কি এটটু শান্তিতি থাকতি দিবা না?"

ছেলের কথায় তার মুখের দিকে ফ্যাল ফ্যাল করে তাকিয়ে থাকে। মনে মনে ভাবে, এই কী সেই ছেলে? যাকে বাঁচাতে একদিন ষাঁড়ের সামনে নিজেই ঝাঁপিয়ে পড়েছিল! না হলে সেদিনই পাগলা ষাঁড়টা ওকে পিষে ফেলতো। যাকে দশ মাস দশ দিন গর্ভে ধারণ করে নরক যন্ত্রণা ভোগ করেছিলাম? যাদের মুখে দু'বেলা দু'মুঠো অন্ন তুলে দেবার জন্যে ঝড় বৃষ্টিকে উপেক্ষা করে ফসল ফলিয়েছি? কোন কিছু আর ভাবতে চায় না গহরজান। হাজার হলেওতো তার সন্তান!

"আমারে এটটু পানি দিতি পারবি বাপ?"

"মুখ ঢাহে এটটু আচতে কতা কও। আমাগের সবাইরে তুমি কি মারবা?"

শীর্ণকায় শরীর। কথা বলার শক্তি বেশি অবশিষ্ট নেই। তার কথার ভেতরে শরীরের অক্ষমতা প্রকাশ পায়। বলল, "আমি ত্যোগের কি করলাম?"

২৩-এর পৃষ্ঠায় দেখুন

সুপ্রভাত সিডনি
The Leading Australian Bangladesh Monthly Community Newspaper | সত্যের সাথে সব সময়

গহরজান

২২ পৃষ্ঠার পর

"তুমার করোনা ভাইরাস অইছে। বাড়ি সুদ্ধ মানুষ; এটটু বুজার চিষ্টা করো। তুমার বাতাস লাগলি বাড়ি সুদ্ধ মরতি হবেনে! দেখতিছাও না, বাড়ি পিলাক টাঙায়ে দিয়ে গেছে?"

কথাটা গহরজানের কানে গেল কি গেল না বোঝা যায় না। তার নিঃশ্বাসে কষ্ট হওয়ায় হাঁপাতে শুরু করেছে। অবস্থা বেগতিক দেখে মাটির ভাড়ে পানি এনে পাঁচ হাত লম্বা একটা লাঠির মাথায় সেটা ঝুলিয়ে নিরাপদ দূরত্বে দাঁড়িয়ে মায়ের দিকে এগিয়ে দেয় রবি। বলল, "নেও; পানি খাও। আর শোন, আজ রাত্তিরি যেন বারান্দায় উঠো না। কী হয় কওয়া যায় না। আমরা মাজে মদ্যি ওই বারান্দায় যাই।"

গহরজান বুঝতে পারে তার ছেলের মূল বক্তব্য কী। কোন কথার উত্তর না দিয়ে মাটির ভাঁড় থেকে গ্লাসে পানি ঢেলে খায় ঢকাঢক। কেন জানি পানি তিতো মনে হয় তার। আজ তিনদিন জ্বর। গোলাম ডাক্তার এসেছিল সেদিন। ডাক্তারকে কে নিয়ে এসেছিল তা জানে না গহরজান। তবে ছেলেরা যে তাকে আনেনি এটা নিশ্চিত। পাশের গ্রামে বাড়ি। গহরজানের জীবনী তার জানা। সে নিজ ইচ্ছায় মাঝে মধ্যে বৃদ্ধার খোঁজ খবর নিয়ে ওষুধ দেন। মূল্য নেন না। ডাক্তার দু'পাতা নাপা ট্যাবলেট দিয়ে ছয় ঘন্টা পরপর আহারের পর খাবার কথা বলেছিল। সময় বুঝতে না পেরে ঠিকমত তা খাওয়া হয় না। বাড়িতে তিন তিনটে ছেলে, ছেলেদের বউ। তারা কেউ আর এই বয়স্ক মানুষটার কাছে আসে না। নাতি- নাতনিদের কথা আলাদা। তারা সবাই এখনো অনেক ছোট। অথচ গহরজানের ছেলে-মেয়েরা যখন ছোট ছিল; তখন চাষাবাদের কারণে মাঝে মধ্যে জ্বর-সর্দি হলে তাদের মধ্যে মাকে সেবা-যতে□র প্রতিযোগিতা শুরু হয়ে যেত। ঠিক যেমন ছিল তার জমি লিখে দেবার আগে।

আজ সকালে তবি যে দয়া করে ওষুধ এনে দিয়েছে তা বুঝতে পারে গহরজান। না হলে মুখে গামছা পেঁচিয়ে এসে দূর থেকে মায়ের দিকে ওষুধ ছুঁড়ে দিয়ে সে কি করে বলতে পারে, "নেও, দয়া করে অন্তত ওষুধগুলো খাইয়ো; দেহ সারে কি না। তুমার জন্যি তো আমাগের কোন জাগায় যাওয়ার জো নেই। সবাই আমাগের দেহে ভয় পায়। পিলাক টাঙানো বাড়ির লোক বলে!"? তবির এতগুলো কথায় হৃদয়ে তার বৃষ্টির ধারা বইলেও চোখ থেকে কোন অশ্রু ঝরে না।

দু'দিন থেকে শরীরের অবস্থা বেশ খারাপ গহরজানের। সে বিছানা থেকে উঠতে পারে না। অনেক চেষ্টা করেও না। মায়ের খবর শুনে উদভ্রান্তের মতো ছুটে আছে ইয়াসমিন। সে সাথে আনা ভাত তরকারি মাখিয়ে মায়ের মুখে তুলে দিয়েও ব্যর্থ হয়। তার যে অনেক শক্তি শেষ হয়ে গেছে ইতিমধ্যে। কোন খাবার আজ তার গলা থেকে নামবে না। প্রাণটা যে যায় যায় অবস্থা! অনেকদিন পর মেয়েকে পেয়ে মেয়ের গায়ে-মুখে হাত বোলায়; কিছু একটা বলতে চায় গহরজান। তার চোখের কোণে দেখা যায় জলের রেখা।

মাকে শান্ত□না দেয় ইয়াসমিন। "তুমি ভাল হয়ে যাবা মা। কুনো চিন্তা করবা না।"

গহরজান মেয়ের মুখের দিকে ফ্যাল ফ্যাল করে তাকিয়ে থাকে। মুখ থেকে তার কোন শব্দ বের হয় না। বয়স আর সমাজ-সামাজিকতা তাকে মুখ বন্ধ করে রাখতে বাধ্য করেছে। মনে মনে তার মেয়েকে মন ভরে আশির্বাদ করে গহরজান। বলে, "কতদিন পরে তোরে দ্যাখলাম মা। ক্যামন ছিলি এতদিন? জামাই কিরাম আছে রে? আর হ্যা, আমার যে করোনা অয়চে! দূরি দাঁড়ায়ে কথা কলি ভাল করতি।" মুখ ফুটে কিছুই বলা হয় না। ঠোঁট কাঁপতে থাকে; অন্তরটা জ্বলে পুড়ে অঙ্গার হয় তার। ইয়াসমিন ভাইদের কাছে জিজ্ঞাসা করে মায়ের করোনা হয়েছে তারা কীভাবে জানলো। আর বাড়ি লাল ফ্লাগ টাঙালো কীসের ওপর ভিত্তি করে। তবি বলে, "মা'র বয়স হবার জন্যি টেসট্ করাতি নিতি পারিনি। তয় লক্ষণতো করোনার। তাইতো আমাগের এলাকার নেতা কটা আব্দুল থায়ে পিলাগ টাঙায়ে দিয়ে গেছে।"

ছেলে- ছেলের বউয়েরা তার ধারের কাছেও ঘেঁসছে না ভয় আর ঘৃণায়। গহরজানের হৃদস্পন্দন ক্ষীণ হয়ে আসে ক্রমেই। সে অস্পষ্ট স্বরে ডাক দেয়, "ও হবি, তবি, রবি; আমি আর বাঁচপো না রে বাপ। ইয়াসমিনরে এটটু খবর দে।" ইয়াসমিন আজ সকালে এসে বিকেলেই তার শ্বশুর বাড়িতে ফিরে গেছে; যা তার মনে নেই। এ কারণে অস্পষ্ট স্বরে তার ছেলেদের উদ্দেশ্যে কথাটি বলে। কথাটি ছেলেদের কান পর্যন্ত গিয়েছে বলে মনে হয় না গহরজানের।

ঘুটঘুটে অন্ধকার। চারিদিকে জোড়া জোড়া চোখ জ্বল জ্বল করছে। দূর থেকে ভেসে আসে শেয়াল-কুকুরের ডাক। গহরজান এখন মুক্ত। তার বহু বছরের আশা পূর্ণ হয়েছে। এখন সে শান্তিতে জীবন পরবর্তী সময় অতিবাহিত করতে পারবে ভেবে স্বস্তিতে চারিদিকে তাকায়। তাকে ঘিরে ধরে আছে অনেকগুলো শেয়াল-কুকুর জাতীয় প্রাণী। যে মানুষটা কুকুর দেখলে ভয়ে অস্থির হয়ে উঠতো তার চারিপাশে কিনা এতগুলো প্রাণী! সে অনেক চেষ্টা করেও মনের ভেতরে ভয়ের আলামত তৈরী করতে পারে না। আচমকা ঘাড়ের কাছে কিসের যেন নিঃশ্বাসের উষ্ণতা পায়। ভাবে, হয়তো মৃতদেহ খেতে এসেছে; এখনি হয়তো তাকে খেয়ে শেষ করে ফেলবে। তাহলে মৃত্যুর পর এভাবেই বুঝি মৃতদেহ খেতে চলে আসে পশুর দল! পায়ে হাতে পিঁপড়ে জাতীয় কিসে যেন কামড়িয়ে যাচ্ছে অহর্নিশ। নিঃশ্বাস নিতে আগের মতো কষ্ট। শীতও লাগছে খুব। সাথে দখিনা হিমেল হাওয়া। মৃত্যু পরবর্তী যন্ত্রণা বুঝি এমন হয়! ঈমাম সাহেব কেন তবে সেদিন বলেছিলেন, দোজখের আযাব খুবই কঠিন! তার ভাবনা দূর থেকে বহুদূরে হারিয়ে যায়।

"তবে কী আমি বেহেস্তেত মদ্যি?" বিভিন্নভাবে সে জেনেছে বেহেশতের বর্ণনা। সেই বর্ণনার সাথে বর্তমান অবস্থার খুব বেশি মিল নেই।

"তালি আমি এহনে কনে আচি?" সাতপাঁচ ভেবে কোন উত্তর খুঁজে পায় না সে। বলল, "কিয়ামতের আগে হইতো এবাবে চলবেনে।"

"আমি এহা ক্যান? কাউরেতো দেখতিচি নে!" নিজেকে প্রশ্ন করে। পৃথিবী থেকে শুধু যে সে একা বিদায় নিয়ে এখানে এসেছে তা নয়; হাজার হাজার লক্ষ লক্ষ মানুষ বিদায় নিয়ে এখানে এসেছে- আসছে। কই তাদের কাউকেতো দেখছে না! মনের ভাবনা মনে থাকতেই একটা আলোর বহর তার দিকে আসতে দেখে মনটা শান্ত হয়। কিছুক্ষণের মধ্যে আলোটা আরো স্পষ্ট হয়ে ধরা দেয়।

বলো হরি, হরি বোল বলতে বলতে আলোর বহর কাছে এসে পড়ে। মাটিতে পড়ে থাকা গহরজানের গায়ে ধাক্কা লেগে একজন উচোট খাওয়ার জোগাড়। "কী রে বাবা, সব জাগায় তো চালাকি! শ্মশানে আসে যদি না পুড়ায় তালি লাশের কি কোন ধর্ম্ম থাকলো?" একজন বলল। একজন হ্যারিকেনটা মুখের কাছে ধরে বলল, "এই কেউ ওদিক যাস নে। মনে হয় করোনার রুগী ছিল। ছুয়ালরা পয়সা বাঁচাইচে।"

একজন বলল, "মনে হয় বেশি সময় ফেলিনি। তা না হলি তো লাশেরতে গোন্দ ছুটতো।"

অপেক্ষাকৃত বয়স্ক একজন বলল, "তা ঠিক, কালকে সকালে আসে দেকা যাবেনে। চল, এইডেরেতো আগে চিতায় উঠোই। যদি কাঠ বাঁচে তালি ভগবানের ইচ্ছাই ব্যবস্থা একটা হবেই।" বলো হরি, হরি বোল বলতে বলতে তারা চললো সামনের নদীর ধারে, যেখানে চিতা সাজানো আছে আগে থেকে।

আর যাই হোক সকল কিছু অনুভবে আসে গহরজানের। দাউ দাউ করে জ্বলে ওঠে চিতার আগুন। ঐ আগুনে সারা শ্মশান আলোকিত হয়ে যায়। হৃদয় জুড়ে তার হাহাকার। এটা বুঝতে পারে. ছেলেরা তাকে কবর না দিয়ে রাতে আঁধারে এই শ্মশানে ফেলে গেছে! তবে একদিক দিয়ে ভালোই করেছে বলে মনে হয় তার। অন্তত কোন ঋণ তাকে হতে হয়নি। তা না হলে ছেলেদের কাছে তার ঋণী হবার সম্ভবনা ছিল। কাফনের কাপড় কেনা, আগরবাতি, গোলাপজল, গন্ধ সাবান আরো কত কী! দীর্ঘশ্বাস ছাড়ে গহরজান। এখন মনটা যে বেশ ফুরফুরে লাগছে। যাকে পোড়াচ্ছে সে তো কিছুক্ষণ পরেই ভূত হয়ে তার সাথে সঙ্গ দেবে, তার অপেক্ষায় আছি আমি। মনে মনে কথাটা আওড়িয়ে যায় গহরজান।

হঠাৎ এক পশলা শীতল হাওয়ায় শরীরে কাঁপুনি লাগে। এমনিতে শীতকাল। তার ওপর এমন হিমেল হাওয়া! গালে যে কয়টা দাঁত আছে তারা একটার সাথে আর একটা লেগে যায়। সামনে চিতার আগুন নিভতে শুরু করেছে। যারা এসেছিল তারা ফিরে গেছে অনেক আগেই।

বলো হরি, হরি বোল শব্দটা হঠাৎ কানের কাছে স্পষ্ট হয়ে ওঠে। আবারো মশাল হাতে গোটা পাঁচ/ছয়জন লোক। এবার লাশের সঙ্গে কোন আত্মীয়-স্বজন নেই। মনে হয় এরা সবাই টাকার বিনিময়ে লাশ পোড়াতে এসেছে। একথায় পেশাজীবী কাঠুরে। পাশ দিয়ে গেলেও গহরজানের দিকে ভ্রুক্ষেপ করে না। তারা তাড়াতাড়ি দুটো চিতা পরপর সাজিয়ে অগ্নিসংযোগ করে তাতে। এক আলোকচ্ছটায় মুখটা উজ্জ্বল হয়ে ওঠে গহরজানের। সে বুঝতে পারে মৃত্যু পরবর্তী জীবনের স্বাদ। এখানে ভয় নেই- ক্লান্তি নেই- ক্ষুধা নেই, চাওয়া-পাওয়ারও কিছু নেই। কিন্তু কিছু একটা আছে। মনে খটকা লাগে তার। উঠে বসার জন্যে আশপাশের কিছু হাতড়িয়ে ধরার চেষ্টা করে। পারে না। তিন ছেলেকে একবার ডাকতে চেয়েছিল। সে ডাকে না। তারা যখন কাফনের কাপড় কেনা আর মায়ের শেষ যাত্রায় সামান্য খরচের ভয়ে তাদের মৃত মা'কে কবর না দিয়ে শ্মশানে ফেলে গেছে তখন তাদের ডাকতে ইচ্ছে হয় না। তারা সবাই ভাল থাক। আর কবর দিলেই বেহেশতে যেতে পারতো তা নয়; তার কর্মফলই তাকে সঠিক ঠিকানায় পৌঁছে দেবে। মনে মনে ভাবে গহরজান।

বেশ কিছু সময় রাতজাগা কুকুরের আনাগোনা ছিল না। এখন আবার শুরু হয়েছে। পায়ের গোড়ালিতে কিসে যেন একটা কামড় বসিয়ে দেয়। চিল্লিয়ে ওঠে গহরজান। সে ক্ষীণ স্বর কাঠুরিয়াদের কানে যায়। তারা সবেমাত্র চিতার আগুণ শেষ করে বাড়ির দিকে ফিরতে পা বাড়িয়েছিল। শব্দের উৎপত্তি খুঁজতে খুঁজতে কাছে এসে দেখে একজন বৃদ্ধ মহিলা শ্মশানের খালি মাটিতে পড়ে আছে। একজন নাকের কাছে হাত দিয়ে বুঝতে পারে নিঃশ্বাস এখনও চলছে। কোন কিছু না ভেবে কিছুক্ষণ আগে যে বাঁশে ঝুলিয়ে মৃতদেহ এনেছিল সেই বাঁশে ঝুলিয়ে গহরজানকে তারা হাসপাতালের দিকে নিয়ে যায়।

গহরজান তখনও বুঝতে পারে না কি হচ্ছে! মৃত্যু পরবর্তী জীবন এমন হয় তা তার আগে জানা ছিল না। ক্লান্ত অবসন্ন শরীর তাকে ঘুমের রাজ্যে নিয়ে গিয়েছিল। যখন চোখ মেলে তাকায় তখন সে নিজেকে নরম বিছানায় আবিষ্কার করে। পাশের সেবিকাকে ক্ষীণ কণ্ঠে প্রশ্ন করে, "তুমি কি মা দুনিয়াতে নার্স ছিলে?"

সেবিকা বুঝতে পারে ব্যাপারটা কি। তাইতো বলল, "না দাদী মা, তা হবে কেন?"

"তালি তুমি কি ছিলে?"

"আমি মরতে যাবো কেন?" সেবিকার মুখে হাসির রেখা ফুটে ওঠে।

"তালি তুমি মরে যাওনি?" কপালে চিন্তার ভাজ গহরজানের।

আপনার কি মনে হয় এটা মরণ কাল?"

"হ্যা তাইতো।"

"আপনি বেঁচে আছেন, এখন হাসপাতালে।"

"তালি..."

গহরজানের কথা শেষ না হতেই সেবিকা প্রশ্ন করে, "তাহলে কী দাদী মা?"

"এই যে শ্মশান, চিতা, ধুধু মাঠ, কালো রাত এত্তকিছু? আর আমি তো করোনায় মরে গিছি।"

সেবিকা গহরজানের মাথায় হাত বুলিয়ে দিয়ে বলল, "আপনার করোনা হয়নি। এখন একটু ঘুমানোর চেষ্টা করেন। সব ঠিক হয়ে যাবে।"

গহরজান মনে মনে ভাবে, আসলেইতো একদিন সব ঠিক হয়ে যাবে। শুধু ঠিক হবে না মনের ক্ষত। যে ক্ষত তার সন্তানরাই তৈরী করেছে। তবুও তারা ভাল থাক।

গহরজান আবারো ঘুমের রাজ্যে। সে বিচরণ করতে চায় অচেনা জগতে। যে জগতে নেই চাওয়া- পাওয়া, দেওয়া-নেওয়া, স্বার্থ- মোহ আর করোনা ক্রান্তিকাল।

মানবাধিকার সুরক্ষায় অবদানে গ্লোবাল ভয়েস ফর হিউম্যানিটির স্বীকৃতি

সুপ্রভাত সিডনি রিপোর্ট

মানবধিকার সংগঠন গ্লোবাল ভয়েস ফর হিউম্যানিটির পক্ষ থেকে সিডনির দশজন বিশিষ্ট ব্যক্তিকে মানবাধিকার সংরক্ষণ ও রক্ষায় অবদানের জন্য স্বীকৃতি ও সম্মাননা দেয়া হয়। গত সোমবার সন্ধ্যায় বিশেষ এক অনুষ্ঠানের মাধ্যমে এই সম্মাননা প্রদান করা হয়।

অনুষ্ঠানের শুরুতে পবিত্র কোরান থেকে তিলাওয়াত করেন ফারুক হোসেন । মানবতাকে গুরুত্ব দিয়ে যারা কাজ করেছেন, সে সমস্ত স্বেচ্ছাসেবক, মানবাধিকার কর্মী ও নেতৃবৃন্দকে সম্মান সূচক সনদপত্র প্রদান করেন গ্লোবাল ভয়েস ফর হিউম্যানিটির সাধারণ সম্পাদক শিবলী সোহায়েল।

মানবাধিকার সংরক্ষণে বিশেষ ভূমিকার জন্য স্বীকৃতি হিসেবে সনদপত্র দেয়া হয় যাদেরকে, তারা হচ্ছেন, ড. ফারুক আমিন, এ এন এম মাসুম, কুদরত উল্লাহ লিটন, কাউন্সিলর মাসুদ খলিল, মোসলেহ উদ্দিন আরিফ, সোহেল মাহমুদ ইকবাল, ফারুক হোসেন, রাশেদ আল হোসেন খান, হাবিবুর রহমান এবং রাহাত শান্তনু -জনতার কবিয়াল। অনুষ্ঠানটির সভাপতিত্ব করেন শিবলী সোহায়েল ও অনুষ্ঠান সঞ্চালনা করেন এম,এ,ইউসুফ শামীম।

উল্লেখ্য যে. গত ৩০ আগস্ট নিউ সাউথ ওয়েলস সংসদের সামনে, সিডনির প্রাণ কেন্দ্রে, জাতিসংঘ ঘোষিত ইন্টারন্যাশনাল ডে অফ দ্য ভিকটিমস অফ এনফোর্সড ডিজএপিয়ারেন্স অর্থ্যাৎ গুমের শিকার ব্যক্তিদের স্মরণে উদযাপিত দিবস উপলক্ষে একটি সফল প্রতিবাদ সমাবেশ অনুষ্ঠিত হয়। এই সমাবেশে বিশ্ব মানবাধিকার সংস্থা এমনেস্টি ইন্টারন্যাশনাল, অস্ট্রেলিয়ার আদিবাসী ও সিডনিতে বসবাসরাত বিভিন্ন জাতিগোষ্ঠী স্বতঃফূর্তভাবে অংশগ্রহণ করে। সম্মাননা প্রাপ্ত মানবাধিকার কর্মী ও নেতৃবৃন্দগণ ৩০ আগষ্টের সমাবেশ সফল করতে মূল সংগঠকের ভূমিকা পালন করেন।

৩০ আগস্টের অনুষ্ঠানের বিভিন্ন দিক তুলে অনেকে বক্তব্য বক্তব্য রাখেন, ড. হুমায়ের চৌধুরী রানা, মঞ্জুরুল আলম বুলু, বিশিষ্ঠ গায়ক সাব্বির রানা প্রমুখ। বক্তাগণ মানবাধিকার সংরক্ষণ ও সুরক্ষায় নিরন্তর প্রচেষ্টা অব্যাহত রাখার ব্যাপারে প্রত্যয় ব্যক্ত করেন।

সুপ্রভাত সিডনি
The Leading Australian Bangladesh Monthly Community Newspaper I সত্যের সাথে সব সময়



130 Haldon Street, Lakemba NSW 2195
Ph: (02) 9750 4290

- Fresh meat daily (Lamb, Beef, Goat)
- Fresh chicken Daily
- Fish & seafood
- Frozen vegetables
- Free delivery
- Competitive prices
- We don't have any other branches

Suprovat Sydney
Copy Right Protected

Haitham Morabi
Manager
0402 016 210

Mahmoud
0416 874 859

Supplier of Finest Quality Meat

সুপ্রভাত সিডনি
The Leading Australian Bangladesh Monthly Community Newspaper। সত্যের সাথে সব সময়
Sydney, October-2022
Year-14 26

নারীমুক্তি আন্দোলনে ঈশ্বর চন্দ্র বিদ্যাসাগর এবং তাঁর অফুরন্ত অবদান

-আবদুল হাসিব

১৮২০ সালের ২৬ শে সেপ্টেম্বর পশ্চিম বঙ্গের মিদ্নাপুর জেলার ঘাটাল মহকোমার বীরসিংহ গ্রামে ঈশ্বর চন্দ্র বন্দ্যোপাধ্যায় জন্মগ্রহণ করেন। পিতার নাম ঠাকুরদাস বন্দ্যোপাধ্যায় এবং মাতা ভগবতী দেবী। মাত্র ছয় বছর বয়সে ঈশ্বর চন্দ্র কলকাতা চলে যান। সেখানে ভগবত চরণ'র বুররা বাজারস্থ নিবাসগৃহে তাঁর থাকবার ব্যবস্থা হয়। বিশাল এই পরিবারে নিজেকে খাপ খাইয়ে নিতে ঈশ্বরচন্দ্র'র একটুও সময় ব্যয় হয়নি। তিনি সেখানে বেশ আরামেই তার লেখাপড়া নিয়ে নিমগ্ন থাকতে পারলেন। উল্লেখ্য, এর কয়েক বছর পূর্ব থেকেই ঈশ্বর চন্দ্র'র পিতা ঠাকুরদাস সেখানে অবস্থান করছেন। ঈশ্বর চন্দ্র সেখানে আপন পরিবারের স্নেহ পরশ পেতে থাকলেন। শিক্ষানুরাগী ঈশ্বরচন্দ্র লেখাপড়া করে এমন এক পর্যায়ে গিয়ে পৌছলেন, যার তুলনা শুধু তিনি নিজেই। তিনি যেমন হয়ে উঠলেন অসংখ্য বিষয়ে একজন অভিজ্ঞ ব্যক্তি, তেমনি হয়ে উঠলেন একজন উচ্চমাপের দার্শনিক, শিক্ষক, লেখক, অনুবাদক, প্রিন্টার, সম্পাদক, সফল ব্যবসায়ী, এবং একজন ঐতিহাসিক সমাজ সংস্কারক। ১৭৮০ সালে চার্লস উইলকিন এবং পঞ্চানন কর্মকার এর উদ্ভাবিত কাঠের তৈরী বাংলা ছাপার লিপির প্রচলন হয়েছিলো বটে, কিন্তু বহুকাল পর্যন্ত অপরিবর্তীত এই লিপির আধুনিকরণ করেন জ্ঞানতাপস ক্ষণজন্মা ঈশ্বর চন্দ্র। কলকাতার সংস্কৃত কলেজ থেকে তিনি সংস্কৃতে উচ্চ ডিগ্রী লাভ করেন। তাঁর মেধা-বুদ্ধি, যুক্তিসম্পন্ন উপস্থাপনা, সর্বোপরি সর্ব বিষয়ে জ্ঞানের বিস্তৃতি আর ব্যাপ্তি দেখে উনাকে 'বিদ্যাসাগর' উপাধিতে ভুষিত করা হয়। অর্থাৎ জ্ঞানের সাগর উপাধি অর্জন করেন। অতঃপর, সেই থেকে ঈশ্বরচন্দ্র বন্দ্যোপাধ্যায় হয়ে গেলেন- ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর। এক সময় ভগবত চরণ'র কনিষ্ট কন্যা রায়মণি'র মাতৃ স্নেহের মতো ভালোবাসা আর সাহসী উৎসাহ পেয়ে ঈশ্বচন্দ্র বিদ্যাসাগর ভারতীয় নারী আন্দোলনে আত্মনিয়োগ করেন এবং এক সময় সংগ্রামী হয়ে ওঠেন।

উনবিংশ শতাব্দী ছিলো নারীমুক্তি আন্দোলনের শতাব্দী। এবং এই নারী মুক্তির মধ্য দিয়েই অঙ্কুরোদ্গম ঘঠে 'নারী স্বাধীনতা' নামের আন্দোলন। নারী মুক্তির সূচনা লগ্নের সময়টার দিকে আমরা যদি চোখ ফেরাই তা হলে দেখতে পাবো যে, নারীর যাতনাময় জীবনে কঠোর বন্ধন, কঠিন কষ্টকর নিপিড়ন এবং শৃঙ্খলিত জীবন থেকে নারীরা বন্ধনমুক্ত হবার প্রেরণা বা বলা যায় মুক্তির পথ খুঁজে পায় এই শতাব্দীর মধ্যভাগে এসে। আশ্চর্যজনক হলেও সত্য যে, তখনকার পুরুষ শাসিত সমাজে পুরুষের দ্বারা শৃঙ্খলিত নারীদের মুক্তি'র আন্দোলন কিন্তু সর্বপ্রথম পুরুষরাই শুরু করেন। উনিশ শতকের এই নারীমুক্তি পথিকৃৎ ছিলেন রাজা রামমোহন রায়। রাজা রামমোহনের মৃত্যুর পর নারীমুক্তি আন্দোলনে যার অবদান সবচেয়ে বেশী তিনি হলেন ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর। সনাতনপন্থী পরিবেশে রক্ষণশীল পরিবারে জন্মগ্রহণ করে এবং অজস্র কুসংস্কারযুক্ত হিন্দু সমাজে লালিত হয়েও বিদ্যাসাগর সমকালীন সামাজিক কূপমণ্ডূকতা ও ধর্মের নামে ভণ্ডামীতে নিজেকে নিবেদিত না করে বরং এসকলের বিরুদ্ধেই বিদ্রোহ করেছিলেন। আর তার প্রধান কারণ ছিলো সমাজকে তিনি প্রাধান্য দিয়েছিলেন।

বিদ্যাসাগরের সময়কার সমাজে হিন্দু বিধবাদের দুর্গতি ছিলো সবচেয়ে দুর্বিষহ ও যন্ত্রণাদায়ক এবং ন্যক্কারজনক। অন্যায় অত্যাচার অশ্রাব্য গালিগালাজ এবং নিষ্পেষণ নিপীড়নে জর্জরিত হিন্দু বিধবা নারীদের মুক্তির পথ ছিলো রুদ্ধ। পুরুষদের একাধিক বিয়েতে কোন বাধা ছিলো না। তারা ইচ্ছে করলেই একাধিক রমণীকে বিয়ে করে স্ত্রীর মর্যাদা দিতেন। অনেক সময় দেখা গেছে প্রকৃতপক্ষে স্ত্রীর মর্যাদা তো দেয়া হয়নি, কাজের বন্দী-দাসীর মতো আচরণ করা হয়েছে; কোন কোন ক্ষেত্রে মানুষ হিসাবে মর্যাদা পর্যন্ত দেয়া হয়নি। এমনকি বারাঙ্গনাদের সান্নিধ্য নেয়া তাদের জন্যে বৈধ বা উন্মুক্ত ছিলো। অপর দিকে আট বা দশ বছরের হিন্দু বাল্যবিধবাকে পুনরায় বিয়ে দেয়াটা পর্যন্ত ছিলো সম্পূর্ণ শাস্ত্র বিরুদ্ধ। হায়রে শাস্ত্র! শাস্ত্র নামের সুবিধাবাদী অনিষ্টকারী কু-অস্ত্র থেকে কবে যে আমাদের এ সমাজ পুরোপুরি পরিত্রাণ পাবে কে জানে? কবে যে স্বামীপরমার্থ প্রথাটা চিতায় উঠবে জানি না। জানা যায় তখনকার সময় শাস্ত্র অমান্য করে যদি কেউ বিধবাকে বিয়ে করেছে তো মরেছে; তাকে একঘরো করা হতো, সমাজচ্যুত করা হতো। সমস্ত সমাজের ভেতরে প্রচলিত এই প্রথা বা ব্যবস্থা বিদ্যাসাগরের বিবেক এবং মূল্যবোধকে চরমভাবে আঘাত করে। তিনি বিধবা বিবাহ নিয়ে গভীর চিন্তামগ্ন হয়ে পড়েন। এবং এক সময় শাস্ত্র ঘেটে শেষ পর্যন্ত তিনি 'পরাশর সংহিতা' নামক ধর্ম শাস্ত্রে বিধবা বিবাহের পক্ষে সমর্থন পেয়ে যান। এই গ্রন্থে উল্লেখ আছে যে. 'বিবাহিত নারীর স্বামী যদি উন্মাদ হয়, মারা যায়, সন্ন্যাসী হয়, ক্লীবত্ব প্রাপ্ত হয় এবং সমাজচ্যুত হয় তবে স্ত্রীর পুনরায় বিবাহ শাস্ত্র সম্মত'। সমাজের চোখের সামনে শাস্ত্র স্বীকৃত এধরনের প্রামাণ্য দলিল তুলে ধরে বিদ্যাসাগর প্রমাণ করেন যে, বিধবা বিবাহ শাস্ত্র সম্মত। কিন্তু শত প্রচেষ্টাতে সামাজিক স্বীকৃতি আদায় করতে পারলেন না একচ্ছত্র পুরুষ শাসিত এই সমাজে। পারলেন না বিধবাদের বিবাহ দিয়ে বৈধব্যের দুঃখ-দুর্দশাকে ঘুচাতে। তখনকার সমাজে দেখা গেছে বিধবা বিবাহ প্রচলিত না থাকায় বাল্য বিধবাদের অনেকেই বৈধব্য যন্ত্রণা থেকে মুক্তির জন্যে ধর্মান্তরিত হয়েছেন। কেউ কেউ জড়িয়ে পড়েছেন অবৈধ গোপন প্রণয়ে। এমন কি কেউ কেউ সামাজিক কলঙ্ক থেকে মুক্তির লক্ষ্যে আত্মহত্যা পর্যন্ত করতে বাধ্য হয়েছেন। আবার কেউ বা যন্ত্রণা আর উপদ্রপ সহ্য করতে না পেরে পথে নেমেছেন, এবং জীবনে বেঁচে থাকার তাগিদে বাধ্য হয়ে বেশ্যাবৃত্তি অবলম্বন করেছেন।

বিদ্যাসাগর হিন্দু বিধবা বিবাহের পক্ষে আন্দোলন করেছিলেন মূলত সমাজে উৎকেন্দ্রিক জীবনযাত্রা থেকে সমাজকে রক্ষা করা এবং সমাজে হিন্দু বিধবাদের যে ঘৃণিত, শৃঙ্খলিত জীবন ছিলো সেই জীবন থেকে তাঁদের মুক্তি দেয়ার জন্যে। আইন প্রয়োগ ছাড়া সম্ভব হবে না ভেবে বিদ্যাসাগর ১৮৫৫ সালের অক্টোবর মাসে সমাজের শিক্ষিত ও প্রভাবশালী ব্যক্তিদের স্বাক্ষর সহ একটি আবেদন সরকার সমীপে পাঠান। বহু চড়াই-উৎরাই পার হয়ে ১৮৫৬ সালে জুলাই মাসে বিধবা বিবাহ সমর্থনের পক্ষে আইন প্রণীত হয়। এবং এই একই বছর ডিসেম্বর মাসে বিদ্যাসাগর বহু অর্থ ব্যয় করে প্রথম বিধবা বিবাহ দেন। অতঃপর প্রচুর অর্থ ব্যয়ে ১৮৬৭ সাল পর্যন্ত প্রায় ৬০ টির মতো বিধবা বিবাহ দেন। তাতে করে বিদ্যাসাগর এক সময় ঋণগ্রস্থ হয়ে পড়েছিলেন।

উনবিংশ শতাব্দীতে আরো একটি মারাত্মক সামাজিক ব্যাধি প্রকট হয়ে দেখা দেয়েছিলো। তা ছিলো, 'বহু-বিবাহ' নামক প্রথা। এই প্রথা চালু থাকায় প্রচুর অর্থের বিনিময়ে কুলীন পুরুষরা একাধিক কুলীন কন্যাকে বিয়ে করতেন। সামাজিক মান-মর্যাদা রক্ষা করতে গিয়ে কুলীন পিতা-মাতা প্রচুর অর্থ পণ দিয়ে বয়স্ক মৃত্যুপথযাত্রী কুলীন পাত্রের কাছে কন্যাকে বিয়ে দিতে দ্বিধাবোধ করতেন না। ফলে কুলীন কন্যারা অচিরেই বিধবা হতেন। এই সমস্যাও সমাজ সংস্কারক মহতী মানব বিদ্যাসাগরের দৃষ্টি আকর্ষণ করে। এ ব্যাপারে শুধু পত্র-পত্রিকায় তিনি লেখালেখি করে ক্ষান্তি দেননি, তিনি বইও লিখেছিলেন। বিশেষ করে তখনকার সময়ে লেখা তাঁর রচনাগুলো সমাজ পরিবর্তন এবং নারীমুক্তির কাক্সিক্ষত পথে অগ্রসর হতে যতেষ্ট সহায়ক হয়েছিলো। কিন্তু এক্ষেত্রেও বিদ্যাসাগর দেখলেন যে, আইন প্রণয়নের প্রয়োজন আছে। বিদ্যাসাগর তাই ১৮৫৫ সালের ২৭ ডিসেম্বর 'বহু-বিবাহ নিষিদ্ধ' এই মর্মে আইন প্রণয়নের জন্যে সরকারের কাছে আবেদন করেন। কিন্তু বহুবিদ জটিল কারণে শেষ পর্যন্ত এ ব্যাপারে আইন প্রণয়ন ও প্রয়োগ সম্ভব হয়ে ওঠেনি।

এক সময় যখন বিদ্যাসাগর দেখলেন যে, দীর্ঘকাল থেকে চলে আসা বদ্ধমূল কুসংস্কার গুলোকে নারী নিজেরাই ছাড়ছে না। যদিও কিছু সংখ্যক নারী তাদের মুক্তির জন্যে আন্দোলনমুখী হতে চাইতো কিন্তু সামাজিক অনুশাসনের কারণে পেরে ওঠতো না। অর্থাৎ নারী মুক্তি আন্দোলনে নরীরাই অন্তরায় সৃষ্টি করছেন দেখে তিনি নারী শিক্ষার তীব্র প্রয়োজনীয়তা অনুভব করলেন। এমন কি বহু সাধনার ফলে ১৮৪৯ সালের মে মাসে বিদ্যাসাগর বেথুন সাহেবের সহযোগীতায় মাত্র ২১ জন ছাত্রী নিয়ে প্রতিষ্টিত করেন 'বেথুন স্কুল'। শিক্ষা বিস্তারের এ সংগ্রাম থামেনি তাই ১৮৫৭ সালের নভেম্বর থেকে পরবর্তী ৭ মাসের মধ্যে তিনি বর্ধমান, হুগলী, মেদিনীপুর ও নদীয়ায় মোট ৩৫ টি বালিকা বিদ্যালয় স্থাপন করেন। এসকল করতে গিয়ে বিদ্যাসাগর বহুবার বহুভাবে বহুধরনের ক্ষতির সম্মুখীন হয়েছেন কিন্তু হাল ছাড়েননি। কারণ বিদ্যাসাগর'র বুকের ভেতর জুড়ে ছিলো মানবতাবোধ এবং নারীদের প্রতি ছিলো সহজাত শ্রদ্ধা ও ভালোবাসা। সেই শ্রদ্ধা ও ভালোবাসার আলোকবর্তিকা পাণে ছুটেছেন সারা জীবন এবং সফল স্বার্থক ভাবে গড়ে তুলতে পেরেছেন নারী মুক্তি আন্দোলন।

বিশ্ব নন্দিত দার্শনিক, পণ্ডিত, মহাজ্ঞানী মহাজন এবং ভারতবর্ষের নারী আন্দোলনের অগ্রপথিক প্রজ্বলিত প্রভাকর -ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর, ১৮৯১ সালের ২৯ জুলাই চিরদিনের মতো পরপারের পথে পাড়ি দিলেন। ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর চিরদিনের মতো চলে গেলেন ঠিকই, কিন্তু আমাদের কাছে রেখে গেলেন তার রত্নসমতুল্য নিরন্তর কর্ম আর ভালোবাসা। আমরা তাকে প্রতিনিয়ত স্মরণ করছি এবং অনন্তকাল প্রজন্ম থেকে প্রজমান্তরে স্মরণ করেই যাবো।

সুপ্রভাত সিডনি
The Leading Australian Bangladesh Monthly Community Newspaper | সত্যের সাথে সব সময়

শুভ আর গ্রাম ছেড়ে যাবেনা

মোঃ তাইফুর রহমান

আবিদের চাচাতো ভাই শুভ ইতালি থাকে ওর মা-বাবার কাছে। ওখানে তার জন্মস্থান। শুভর বয়স সাত বছর। ওখানে সে শহরের একটি স্কুলের দ্বিতীয় শ্রেণীর ছাত্র। আর আবিদ বাংলাদেশের একটি গ্রামের স্কুলে একই শ্রেণীর ছাত্র। বয়সের দিক থেকেও প্রায় একই। কখনো শুভ বাংলাদেশে আসে নাই কিন্তু ও বাংলা ভাষায় কথা বলতে পারে। ইতালির বাঙালি পাড়ায় ওদের বসবাস। সেখানে অনেক বাঙালি বসবাস করে। তার বাবা-মা সহ পূর্ব পুরুষদের বসতভিটা বাংলাদেশে। শুভ বিদ্যালয় থেকে ফিরে এসে মাকে বলল মা, “আমার শ্রেণি শিক্ষক বাংলাদেশ সম্পর্কে কিছু বলতে বলছে। মা তোমরাতো বাংলাদেশ ঘুরেছো আমিতো জীবনে একবারো যাইনি। আমি স্যারকে বাংলাদেশ সম্পর্কে কিছুই বলতে পারি নাই।" মা বলল, "ঠিক আছে শুভ। এপ্রিল মাসের ছুটিতে আমরা বাংলাদেশের গ্রামের বাড়িতে যাব।" শুভ বলল, "ঠিক আছে মা, আমি আবিদ ভাইয়ের সাথে সময় কাটাবো।" আবিদ শুভর চাচাতো ভাই। আবিদকে শুভ সরাসরি না দেখলেও মোবাইলে ইতালি থেকে অনেক কথা বলেছে। মার্চ মাস শেষের দিকে। দিনে দিনে শুভর মনে কত আশা যোগ হতে থাকে। এখন পর্যন্ত সে বাংলাদেশে আসেনি। বাংলাদেশের আলো-বাতাস দেখেনি। দাদা-দাদী, নানা-নানী আরো কত আত্মীয়-স্বজন আছে। মা-বাবার কাছে শুনেছ তাদের কথা। চক্ষু মেলিয়া তাদের কাউকেই শুভর দেখা হয়নি। এপ্রিল মাস এসে গেল। শুভ কেবলমাত্র স্কুল থেকে ফিরছে। এর মধ্যে বাবা এসে বলল, "শুভ একটা সুখবর আছে।" শুভর মা বুঝতে পেরেছে তাই মিটমিট করে হাসছিল। শুভ বলল, "বাবা তাড়াতাড়ি বলে ফেলো।"

বাবা বলল, “হ্যা অবশ্যই বলব। শোনো শুভ, আমরা আগামী দিন প্রিয় বাংলাদেশে বেড়াতে যাব।" খুশিতে শুভ বিছানার উপর গড়াগড়ি খেতে লাগল। "আব্বু তুমি কি সত্যি বলছো? বাবা বলল, "হ্যা শুভ। আগামী দিন তুমি, আমি, তোমার মা আমরা তিনজন বাংলাদেশে যাব। সকাল নয়টায় আমাদের ফ্লাইট।" শুভদের বাসা থেকে খুব কাছেই বিমানবন্দর। বাবা শুভর মাকে বলল, "আমাদের সকাল আটটায় অবশ্যই বিমানবন্দরে উপস্থিত থাকতে হবে।" শুভ খবর শুনে মহাখুশি। আজকে রাতে শুভ মাকে বলল, "মাগো তাড়াতাড়ি খাবার খেয়ে ঘুমিয়ে পড়ব।" শুভর কথামত মা শুভকে খাবার দিলো। শুভ খাবার খেয়ে ঘুমিয়ে পড়ল। শুভর বাবা-মা কাপড় চোপড় গুছিয়ে ব্যাগ ভরল। সবাই ঘুমিয়ে গেল। শুভ কতক্ষণ পর উঠে উঠে ঘড়ি দেখত লাগল। কখন সকাল হবে? বাইরে আলো দেখতে পেয়ে শুভ বুঝতে পারল সকাল হয়েছে। বাইরে বাবার কথার আওয়াজ টের পেয়ে শুভ ঘুম থেকে জাগলো। মা বলল, "কিছু খেয়ে নাও শুভ।" শুভর সাথে বাবা-মাও খেয়ে নিল। শুভর মা শুভকে ভালো কাপড় পড়তে বলল। শুভ তাড়াতাড়ি প্রস্তুত হয়ে গেল। চোখে মুখে তার আনন্দের ছাপ। বাবা মা রেডি হয়ে সবাই বিমানবন্দরের দিক এগোতে লাগলো। কিছুক্ষণ পরেই শুভরা বিমান বন্দরে এসে পৌছাল। শুভ ভাবতে লাগল কখন বাংলাদেশে যাবে? আবিদের সাথে দেখা করতে পারবে, দাদা-দাদী, নানা-নানী তাদেরকে দেখতে পারবে। এর মধ্যেই বিমানে লোক উঠতে বলল। শুভ বাবা মায়ের হাত ধরে বিমানে উঠে গেল। ভিতরে সবাই আসন গ্রহণ করল। কতক্ষণ পরে ঠিক সকাল নয়টায় বিমান বাংলাদেশের দিকে উড়াল দিল। কয়েক ঘণ্টা পর বিমান বাংলাদেশের একটি এয়ারপোর্টে পৌঁছাল। নিরাপদে শুভ, শুভর বাবা-মা বিমান থেকে নামল। এবার বিমান বন্দর থেকে বেরিয়ে বাইরে আসলো। একটা রেস্টুরেন্টে ঢুকে সবাই কিছু খাবার খেয়ে নিল। খাবার খেয়ে রেস্টুরেন্ট থেকে শুভ বাবা মায়ের সাথে বাস স্ট্যান্ডের দিকে এগোতে থাকল। শুভর বাবা গাড়ি খোঁজ করতে লাগল। শুভ এদিক ওদিক তাকাতে লাগল।

এতদিন ধরে বুকে লালন করা বাংলাদেশ দেখার স্বপ্ন বাস্তবায়ন শুরু হতে চলছে। শুভ বলল, "বাবা এই কি আমাদের গ্রামের বাড়ি?” বাবা হাসি দিয়ে বলল, "না পাগল এখনো অনেক দূরে গ্রাম।" কিছুক্ষণ পর বাবা বলল, "ওই একটি গাড়ি দেখা যাচ্ছে ওই গাড়িতে করে আমরা গ্রামে যাব।" মা বলল, "সাবধান শুভ! রাস্তায় দৌড়াদৌড়ি করবেনা। চলো আমরা গাড়িতে উঠি।" সকলে গাড়িতে উঠল। অনেক পথ। গাড়ি চলতে লাগল। প্রায় সন্ধ্যা হয়ে আসল। শুভ বলল, "মা আর কতক্ষণ লাগবে গ্রামে পৌঁছাতে?” মা বলল, "আর মাত্র ঘন্টা খানেক পথ।" মায়ের গল্প শুনতে শুনতে গাড়ি স্টেশনে পৌঁছল। বাবা বলল, "শুভ এখন নামতে হবে।" মা-বাবার হাত ধরে শুভ গাড়ি থেকে নামল। শুভ বলল, "বাবা আর কত পথ?” বাবা বলল, "এইতো বাবা, ওই রিকশায় করে আমাদের বাড়িতে যাওয়া যাবে।" বাবা একটা রিকশা ডাক দিল। সবাই রিকশায় উঠল। বিশ মিনিট পর রিকশা থামল। শুভ, শুভর বাবা, মা রিকশা থেকে নামল। বাবা বলল, "শুভ আর পাঁচ মিনিট হাঁটতে হবে।" সবাই মেঠো পথে হাঁটতে হাঁটতে গ্রামের বাড়ির দরজা দেখতে পেল। মা বলল, "ওই যে শুভ। এইটা আমাদের বাড়ির দরজা।" দরজার কাছেই চাচাতো ভাই আবিদ, শুভর দাদা-দাদী, নানা-নানী আর অনেক আত্মীয়-স্বজন উপস্থিত। সবাই একে অপরকে জড়িয়ে ধরল। শুভকে সবাই কোলে তুলে নিল। শুভ কাউকে চিনতে পারল না। কেমন জানি সব অচেনা মনে হলো। কারণ শুভ জন্মগ্রহণ করেছে ইতালিতে। সে এই প্রথম বাবা-মায়ের সাথে দাদা বাড়ি বেড়াতে এসেছে। শুভর দাদি সবার সামনে খাবার দিল। শুভ রাতের খাবার খেয়ে ঘুমিয়ে পড়ল। রাত অনেক হয়েছে। সবাই ঘুমিয়ে পড়ল। দু-তিনদিনের মধ্যে শুভ সবার সাথে সখ্য গড়ে তুলল। একদিন সকালে আবিদ তার কাজিন শুভকে ডাক দিল। আবিদ বলল, "চলো শুভ আমরা পাঠশালায় যাই।" শুভ হাত মুখ ধুয়ে আবিদের সাথে চলে গেলো। গ্রামের মেঠো পথে হেঁটে হেঁটে তারা পাঠশালায় গেল। খুবই ভালো লাগলো শুভর। পাঠশালা থেকে ফিরে আসতে আবিদ শুভকে ধানক্ষেত দেখাল। নয়নাভিরাম দৃশ্য দেখে শুভ বেজায় খুশি। বলল আবিদ, “আমি কখনো এরকম সৌন্দর্য্য উপভোগ করতে পারিনি।" বিকেল হলে আবিদ শুভকে নিয়ে খেলার মাঠে ঘুড়ি উড়ায়। শুভকে আর কে পায়? রাখাল ভাইয়ের সাথে আবিদ ও শুভর ভালোই আড্ডা জমে রোজ। প্রভাত হলে আবিদ শুভকে নিয়ে বকুল গাছের নিচে ফুল কুড়ায়। ফুলের মালা গাঁথে। কখনো কখনো কুয়াশার ভিতর মেঠো পথে হারিয়ে যায়। আবিদ একদিন শুভকে বলল, "শোনো আবিদ ইতালির শহরে ছিলাম। এমন সৌন্দর্য্য দেখিনি। গ্রামের এমন সৌন্দর্য্য উপভোগ করে আমি বিমোহিত।" আবিদ একদিন বিলে শুভকে নিয়ে শাপলা তুলতে ছুটে গেল। শুভর মুখে হাসি আর হাসি। কতই না আনন্দ! কি অপরূপ বাংলাদেশ! আবিদ ফুলবাগানে নিয়ে গেল শুভকে। প্রজাপতি নেচে নেচে খেলা করছে। আবিদ শুভকে মৌমাছি দেখিয়ে দিলো। পাখিরা আনন্দে গান করছে। আবিদ বলল, "শুভ তোমার কেমন লাগছে?” শুভ বলল, "বলার ভাষা হারিয়ে ফেলেছি আবিদ।" আবিদ মুচকি হেসে দিল। শুভ বলল, "ঘরে যেতে আমার মন চাইছে না আর। মনে হয় প্রকৃতির মাঝে হারিয়ে যাই আবিদ।" আবিদের সাথে শুভ ঘাসবনে গিয়ে ফড়িং দেখে সময় কাটায়। বাবা একদিন আবিদকে গ্রামের হাটে নিয়ে গেল। হাটে বাবার সাথে শুভর ভালোই সময় কাটছে। বাবা শুভকে অনেক খেলনা কিনে দিল। গ্রামের বাজারে মনকাড়া খাবার খেয়ে শুভ খুব তৃপ্তি পেয়েছে। বাবাকে বলল, "বাবা আমি এই দেশ এই গ্রাম ভালোবাসি।" বাবা বলল, "এটা আমাদের অনেক প্রিয় দেশ। এটা আমাদের জন্মভূমি।" এদিকে চাচাতো ভাই আবিদ শুভকে নিয়ে নদীর কাছে যায়। পাল তোলা নৌকা দেখে শুভ অবাক হয়। জেলেদের মাছ ধরা নৌকা দেখে আবিদ বলল, "ওই দেখো শুভ জেলে ভাই মাছ ধরছে।"

জোৎস্না রাতে পুকুর ঘাটে পরিবারের সবাই একসাথে গল্প করে। হাসনাহেনা ফুলের ঘ্রাণে শুভ পাগল হয়ে যায়। রাতে শুভ দাদুর কাছে মজার গল্প শুনে। ফুলবনে জোনাকির আড্ডা দেখে শুভর মন দিশেহারা। আবিদ বলল, "শুভ শোনো এই দেশে ছয়টি ঋতু আছে। একেক ঋতুতে একেক সৌন্দর্য্য।" আবিদ গাছ থেকে পেয়ারা পেরে খায়। ঢিল মেরে কাঁচা আম খায়। আরো কত ফল। শুভ ফলের সব নাম জানে না। আবিদ সব পরিচয় করিয়ে দেয়। দখিনা বাতাসে ধানের মিষ্টি গন্ধ পেয়ে শুভ মনের মাঝে প্রশান্তি খুঁজে পায়। কয়েকদিন বেড়ানোর পর একদিন বাবা বলল, "শুভ আগামী পরশু আমাদের ফিরে যেতে হবে।" খবর শুনে তার মন খারাপ হয়ে গেল। শুভ বলল, "বাবা আমি আর ওখানে যাব না। ইট-পাথরের ভিতর বাস করা আমার ভালো লাগে না।" এই বলে সে মাকে জড়িয়ে ধরে কান্না শুরু করলো। "আমার এই দেশ অনেক ভালো লাগে। আমি এই দেশেই থাকতে চাই। এ দেশের ফুল-ফসলের মাঠ ছেড়ে আমি ইতালি কিছুতেই যাবনা।" কান্না শুনে বাবার চোখেও পানি এসে গেল। কতক্ষণ ভাবনার পর সিদ্ধান্ত নিল আর বলল, "কেউই ইতালি যাবনা শুভ। এখন থেকে এই গ্রামেই থাকব।" শুভর মা খবর শুনে সেও খুশি হলো। বাড়ির সবাই অনেক খুশি হলো। শুভকে আবিদের স্কুলে ভর্তি করে দেয়া হলো। শুভর মনে আনন্দের জোয়ার। মুয়াজ্জিনের মধুর আজানের সুরে শুভর প্রতিদিন ঘুম ভাঙে। পাখিদের কিচিরমিচির শব্দে শুভর মন জুড়িয়ে যায়। পুকুরের তাজা মাছ আর ক্ষেতের তাজা শাক-সবজি শুভর অনেক প্রিয়। শুভর আর বিদেশ যাওয়া হলো না। বাংলার সৌন্দর্য্যে বিমুগ্ধ হয়ে এই দেশকেই সে বন্ধু বানিয়ে নিল।

শরৎকালে

সরোয়ার রানা

সাদা মেঘের প্রান্ত ছুঁয়ে
মেলল পাখি ডানা,
গোধূলি রং মাখতে তাদের
করবে না কেউ মানা।

রোদ-বৃষ্টির খুনসুটিতে
খেকশিয়ালের বিয়ে,
শরৎকালে উঠলো ডেকে
নজর-কাড়া টিয়ে।

রোদের ফাঁকে পড়ছে ঝরে
ইলশেগুঁড়ি বৃষ্টি,
উঠলো হেসে রংধনুটা
কি অপরূপ সৃষ্টি।

লক্ষ তারায় আকাশ ভরা
স্নিগ্ধ চাঁদের আলো,
শীতল হাওয়ায় প্রাণ জুড়িয়ে
মনটা থাকে ভালো।

সুপ্রভাত সিডনি
The Leading Australian Bangladesh Monthly Community Newspaper। সত্যের সাথে সব সময়
Sydney, October-2022
Year-14
28

Need Tax Return?

Accounting & Tax should not be so difficult, visit us and see how we can make the difference...

TAX TIME AHEAD

QUALITY SERVICE ASSURED
AT LOWEST PRICE

FREE TAX RETURN ASSESSMENT

Taxation Solutions Partnership / Individuals / Company / Trust / Superfund
Business development and management **Bookkeeping** & Many more

CHARTERED ACCOUNTANTS
AUSTRALIA + NEW ZEALAND

bfsPARTNERS
SIMPLIFYING ACCOUNTING

OUR PARTNERS

Zaber Ahamed
Chartered Accountant
Registered Tax Agent
Registered SMSF Auditor
Justice of Peace in NSW

Tanvir Hasan
Chartered Accountant
Registered Tax Agent
Justice of Peace in NSW

Find us on Facebook

Level 5, 189 Kent Street Sydney 2000

www.bfspartners.com.au

TAX I SMSF I BUSINESS ADVISORY I BUSINESS ACCOUNTING

LOOKING TO SET UP AN SMSF?

Call 02 8041 7359

ONE STOP SOLUTION FOR YOUR BUSINESS

GROW WITH US

- TAX AND GST
- SELF MANAGED SUPER FUND
- BUSINESS ACCOUNTING
- BUSINESS ADVISORY
- NEW BUSINESS DET UP
- ALL TYPES OF STATUTORY AND NON-STATUTORY REPORTING

GET
High Quality professional services with a competitive price!

Kinetic Partners
Chartered Accountants
132 Haldon Street Lakemba, NSW 2195
E: info@kineticpartners.com.au, www.kineticpartners.com.au

দারউইচ কোয়ালিটি মিটস
Darwich Quality Meats
We are specalized In Akika, Sadaqa Qurbani
Our Chicken, Lamb, Goat, Beef all hand Slaughtered.
রেষ্টুরেন্ট ও ক্যাটারিং এর জন্য স্পেসাল প্রাইজ

- Goat $300
- Lamb $270
- Beef $350
- Whole lamb 6 way cut $210

Custer parking available at rear via Gillies Lane.
We cater for all occasions.
We specialise in Akika, Sadaqa and Qurbani.
Free local delivery for all orders over $60.00

Phone Number: 9759 2603
শীঘ্রই যোগাযোগ করুন ঃ

New time table for our Business:
Monday to Saturday 07:00 AM-09:00 PM
Sunday 07:00-05:00 PM

Mohamed: 0414 687 786, A.C.N: 251 22 168 996 Tel: 02 9759 2603
Address: 77 Haldon St, (Opposite Commonwealth Bank) Lakemba, NSW 2195

- 2 KG Beef Curry $17
- 2 KG Lamb/Goat Curry $ 25
- 3 Chicken (size 9-10) $15
- 5 KG Nuggets/Burger $50

সুপ্রভাত সিডনি
The Leading Australian Bangladesh Monthly Community Newspaper। সত্যের সাথে সব সময়
Sydney, October-2022
Year-14
30

তুমি
আবদুল বাতেন

তুমি হাঁটছো-
লাল গালিচায় ঢেকে যাচ্ছে পিচঢালা পথ
আর স্যালুট করার ভঙ্গিতে দাঁড়িয়ে আছে
দু'পাশের সমস্ত অট্টালিকা

জীবনের শেষ পাথেয় সঞ্চয়
বেলাল মাসুদ হায়দার

বয়স চল্লিশ পার হলে কর্মক্ষমতা ব্যতিত
সবই মুল্যহীন। পঞ্চাশের পর চোখের কোলে কালি-
গাল পড়বে ভেঙ্গে; সৌন্দর্য কি রবে চেয়ে দেখবার?

ষাট পার হয়ে অবসর জীবন।
পদস্থ কর্মকর্তা, অফিমের পিয়ন
পরিচয় একটাই প্রাক্তন কর্মচারী।

সত্তর পার করে বড় বাড়ি- ছোট বাড়ি
কোন ভেদ নেই। ছেলে মেয়েরা তখন
সবাই ঘরছাড়া!

আশি আর নব্বই এর মাঝে এসে
অঢেল টাকা পয়সা সম্পদ থাকলেও
কোন লাভ নাই। চলাফেরা করার ক্ষমতাহীন
সাহায্যকারী চাই সর্বদা।

নব্বই এর পর
বয়সের ভারে ন্যুব্জ-শক্তিহীন জীবন
বিছানার শুয়ে শুয়ে দিন গোনা।
ঘুম আর জেগে থাকার
মাঝে পার্থক্য নেই জানা।

তারপরও এত অহংকার!
সময় থাকতেই করা উচিত সঞ্চয়-
শেষ জীবনের শেষ পথের পাথেয়।

শরৎ এলে
ইলিয়াছ হোসেন

বর্ষা গেলে শরৎ এলে
নদীর কূলে দেখা মেলে
শুভ্র কাশের বন,
নীল আকাশে মেঘের ভেলা
দিবা রাত্রি করে খেলা
দেখে ভরে মন।

শিউলি বেলি ফুলের বনে
ফড়িং নেচে আপন মনে
উল্লাস করে খুব,
উদর পূর্তি করার তরে
মাছ ধরতে সরোবরে
পানকৌড়ি দেয় ডুব।

মাঠের সবুজ দূর্বা ঘাসে
শুভ্র শিশির কণা হাসে
দিনমণির আভায়,
নৌকায় চড়ে বিলে ঝিলে
কিশোর পদ্ম শাপলা তুলে
পরম হরষ পায়।

পাকা তালের মৌ-মৌ ঘ্রাণে
হৃদ মাঝারে পুলক আনে
পিঠা খাওয়ার সময়,
খেত-খামারের সবুজ ধানে
সুখ খুঁজে পায় চাষী প্রাণে
হবে ক্ষুধার জয়।

শরৎ এসে রাঙিয়ে দিলো
মাঈনুদ্দিন মাহমুদ

নদীর কূলে শুভ্র সাদার খেলা
নীল আকাশে সাদা মেঘের ভেলা,
তাই দেখে আজ ফুল পাখিদের দল
অনায়াসে বসায় খুশির মেলা।
গোমড়া মুখো আকাশ ছিল
শরৎ এসে রাঙিয়ে দিলো,
রুপের ছোঁয়া আহ কী মনোহর
হৃদয় আমার জুড়িয়ে দিলো।
শরৎ এলো শরৎ এলো রব
চারদিকে আজ খুশির কলরব,
রোজ প্রভাতে সূর্যদেবের হাসি
ধরার বুকে রাঙিয়ে দেয় সব।

দৃষ্টিহীন
শেখ বিপ্লব হোসেন

অসহনীয় দ্রব্যমূলের যাতনায়
সুখের পালক ক্রমশ খসে পড়ছে
প্রতিনিয়ত;
আবছা অন্ধকারে ঢেকে যাচ্ছে
মধ্যবৃত্ত ছমির আলীর পরিবার।
তার নামমাত্র আয়ে প্রায় অচল
রন্ধনশালা,
গত কয়েক বছরেও বেতনবৃদ্ধির
নাম গন্ধ নেই।
তার অফিসকর্তা দৃষ্টিহীন বলে
ওসব দৃষ্টির অগোচরেই রয়ে যায়।
ছমির আলী আজ বড়ই ক্লান্ত,
অভাবের সংসারে একটুসুখ
কিনতে পারেনি বলে অভিমানে
বাড়ি ফেরা হলো না তার...!

নৈঃশব্দের কাব্য
আয়শা সাথী

অবিনস্ত পরাজিত পক্তিমালাগুলো
কালের পরিক্রমায় অটল অবস্থানে,
পরিণতি- নিবিড়ে নৈঃশব্দের কাব্যগ্রন্থ।
নিশ্চুপ নিরবতাগুলো ক্রমশঃ
ভাঙে চূর্ণ বিচূর্ণ পিছুটান,
পথরোধ করে গতিহীন স্মৃতিচারণ।
জানান দেয় অমোঘ উপস্থিতি
দূর্বিনীত যত হতাশার প্রহসন,
খেই হারায় সাবলীলতা, চলমান ছন্দ।
সংযত চিত্তে তাই ভাগ্য বিধাতা
মুছে চলে আগামীর হাতছানিগুলো।
নিশ্চল অচলে ঠায় স্থবিরতা
নিরব দর্শকের ভূমিকায় অবতীর্ণ,
নিরাশার বালুচরে মুখ থুবরে পড়ে
সকল চাওয়া, পাওয়া- না পাওয়া।

অসহ্য, অসহনশীল বহমান ক্ষণকাল
দমবন্ধ আর্তনাদে গুমরে মরে।
মমত্বের আবেশে সুধায় কিছু জিজ্ঞেসা-
তোমার কি মন খারাপ...??
না...তো! এড়িয়ে চলা সহস্র প্রশ্ন !
চাপা দিতে অন্তহীন অভিযোগ
নিত্য মুখোশের অন্তরালে চলে
কতই না ছলা-কলা-অভিনয়!
মুখে এক চিলতে হাসি,
হাসির অন্তরালের ছাইচাপা অভিমান!
ব্যবচ্ছেদে ছেদ করার অব্যর্থ চেষ্টার
কেউ প্রয়োজনও মনে করে না।
কালের সমীকরণে প্রবহমান গল্পগুলো
আত্মদহনের লেলিহান দাবানলে
পুড়ে যায়, পুড়িয়েও যায়।
নতুন পংক্তিমালা সংযুক্তিতে
সমৃদ্ধ করে অর্ন্তভুক্ত পরাজয়।

জানা পর্যন্তই পরিসমাপ্তি,
ইতি টানে আগন্তুকের সব অজানা কৌতুহল...।

সুপ্রভাত সিডনি
The Leading Australian Bangladesh Monthly Community Newspaper | সত্যের সাথে সব সময়

মুদ্রিত ধ্রুপদ
নন্দিনী আরজু রুবী

তিরতির ঢেউ পদ্মার পাড় ঘেঁষে চিহ্ন রেখে গেছে
আমাদের বিধৌত পায়ের, কালের কোনো স্বাক্ষর নয়!
যেন কতশত শতাব্দীর চেনা পরিক্রমা।

উত্তরের অক্ষরেখা জুড়ে ভাসে-নদীমাতৃক প্রাচীন ধূলো।
উচাটন মন পানকৌড়ির মতো ডুবে ডুবে,
তুলে আনে মুদ্রিত-ধ্রুপদ-

স্বচ্ছ অনুধাবনে পরিতৃপ্তির নিবিড়তা,
বনস্পতির সুনিশ্চিত ছায়ার ভিতর আশ্রয়, আহা জীবন-
প্রহেলিকার অস্তমিত কলরব ছাপিয়ে উঠে আসে-
জন্ম-জন্মান্তরের গহীন-অতল ধ্বণি...।



বোধের বিষব্যথা
রফিকুল ইসলাম

যৌক্তিক আশ্রয়ে কতটুকু তার প্রশ্রয়
অধিকারের তীব্র আহুতি মিলিয়ে গেছে
নিষ্ফল পথ বেয়ে□নিবিড় শূন্যতায়।
শোকের আর্তনাদ বাজে বিষাদি সুরে
পরিযায়ী পাখি উড়ে গেছে বহু দূরে—
মানবিকতা আজ মস্করার উজানে ভাসে
সহমর্মিতা যেন কত জনমের আচেনা,
স্বপ্নের মোহাবিষ্ট চোখে কপোতাক্ষের মূর্ছনা।
রঙিন ঘুড়ির বিকালটা আজ আর নেই—
মানুষের দূরত্বে জমে হিম শতাব্দীর নীরবতা,
সোনালি গোধূলি এখন বিবর্ণ তুমুল
উগ্র দ্যুতির কষ্টসাধ্য নগ্ন কৌতুক তামাশা।
চুম্বনের মত চুষে নিতে নিতে উন্মত্ত নেশা
ভুলে গেছে, শ্রমিক নারীর ব্লাউজ ভেজে
কিভাবে কতটা লবণাক্ত ঘামে,
পানির অভাবে যৌনাঙ্গের যন্ত্রণা জ্বালা
তৃষিত সময়ের কতটা দামে।
সীমানা কত দূর! কোথা এর শেষ?
আর কত উড়বে আকাশে ধূর্ত চিল,
দেবরাজ জিউস মনের কষ্টে কেঁদে ছিল
শুনেছি, কষ্টের সেই বৃষ্টির রঙ ছিল নীল।

ঝরা শেফালি
মেশকাতুন নাহার

শরতের শেষে স্নিগ্ধ হেমন্তে
সাদা কমলার পোশাকের আবরণে
শুভ্রতার হাসি মেখে সৌরভ ভরিয়ে দিতে
এসেছিলে মায়াবী রূপের ঝলকানিতে

তোমারই বর্ণচ্ছটায় উদ্যান উঠলো হেসে
ফোটা ফোটা শিশির বিন্দু তোমার অঙ্গে
যেন সদ্য স্নান করে আসা অপূর্ব রমণীর ভঙ্গিতে
মুক্তোর মতো স্ফুলিঙ্গ মাধুর্য দ্যুতিতে
হৃদয়ে শিহরণ জাগিয়ে তোলে
শেফালী তোমার পুষ্পরসের উপস্থিতিতে।

তোমারই শোভায় মিষ্ট ঘ্রাণে সুবাসিত সমীরণে
রাতভর কাননে সুরভি ছড়িয়ে
অনুরাগে ভরিয়ে দেয় মোহাবিষ্ট আবেশে
প্রচণ্ড অভিমানে ঝরে পড়ে সে প্রভাতে।

হঠাৎ প্রাতঃকালে এক প্রেমাস্পদ এসে
শিশির ভেজা স্নিগ্ধ রূপের শেফালী নিলো কুড়িয়ে
শুভ্র অভিমানীকে নিয়ে পরম যত্নে গাঁথে মালা
অঞ্জলি দেয় দেবীর চরণে
হৃদ মন্দিরে বসিয়ে সাজিয়ে পূজার ঢালা।

অমীমাংসিত বেদনার ভাগ
রফিকুল নাজিম

তুমি চলে যাওয়ার পর
আমি আলোর জন্য কখনো প্রার্থনায় বসিনি
নিগূঢ় অন্ধকারে বেদনাগুলো কেবলই নেড়েচেড়ে দেখেছি
এইসব বেদনায় আমার কোনো মালিকানা নেই
আমার কোনো অস্তিত্বও নেই।
একদিন এক টিকটিকি আমাকে জিজ্ঞেস করেছিল,
তাহলে এই গৃহপালিত দুঃখ ও হৃষ্টপুষ্ট বেদনাগুলো কার?

তখন আমারও টনক নড়েছিল
তাহলে আমি কার চুলে বেদনার নীল ফিতা বাঁধি
কার চুলে মিহি দাঁতের চিরুনি চালাই;
সুসৌম্য কষ্টের কর্ষিত জমিন ভেবে?
দুঃখের শীতল তেলে ভিজিয়ে দেই কার অমন ঘন কেশ?
আহা! আমার রাতগুলো কেবলই দীর্ঘতর হয়ে যায়।

এইসব অমীমাংসিত বেদনার মালিকানা বুঝে নিতে
আসে না আর কেউ!

মায়াবী বিকেল
এস ডি সুব্রত

বেপরোয়া মন যখন তখন
আবেগের ট্রেনে রাধার বৃন্দাবন
মিছিমিছি ছুটি পৃথিবী থেকে মঙ্গল
আঁধার নির্জনতায় নিশি যাপন
অপরূপ দেহ সৌষ্ঠব অনন্য কথন
নিঃসীম উত্তেজনায় অজান্তেই অবগাহন
ভাদ্রের খরতাপে এই আমি
মায়াবী বিকেলের প্রতীক্ষায় থাকি।

সমুদ্রের ডাকে
রমেন মজুমদার

দাঁড়িয়ে রয়েছি এক চিলতে পাথর নুড়ির শিরে!
শন শন শব্দ তরঙ্গ শুনি সিন্ধুর বুক জুড়ে...
সূর্যের শেষ রশ্মি ডুবু ডুবু প্রায় ওপার ঘিরে,
আমাকে যেতে হবে, দিতে হবে পাড়ি; সংশয় বুকে।

জন্মবন্ধন লিপিতে বদ্ধ, ফিরে যাবার পালা!
ঐশীর নির্দেশ! অর্থকড়ি থাক বা না থাক;-
জীবন্ত সমুদ্রের ডাকে কিনারে এগিয়ে যাও,
আছে কী তরণী ঘাটে? আছে কি নেবার কেউ?

সম্মুখ ঘিরে ব্যাঘ্র- কুমির, জ্বলন্ত তৈল সাগর!
কর্মকড়ি যদি না থাকে; তবে সাঁতার দাও;
দেখ, পার কিনা পার; যেতে আপন নিবাস!
নইলে সেথায় চির সমাধি সাগ্রহে বুক পেতে লও।।

যতদিন ছিলে জননী জঠরে,ততদিনই শান্তি;
নামিলে পাপ-পুণ্যের রাজ্যে! যাহার আদেশে;
তারে কী লভিলে কর্মে, সুখ-দুঃখ মাঝে?
স্বর্গের মোহ ভুলে, নিমিত্তে লইলে স্বার্থ টানি।

ওই ডাকে মহাসমুদ্র তোমারে; শুনতে পাও সে ডাক?
চাবুকের কষাঘাতে পিছনে যমরাজ হাকিছে সবারে!
আমি তাড়া খেয়ে দাঁড়িয়ে আছি, পাথর নুড়িতে!
এক্ষুনি যবনিকা সাঁতার কাটতে হবে ধীরে ধীরে।

সুপ্রভাত সিডনি™
The Leading Australian Bangladesh Monthly Community Newspaper সত্যের সাথে সব সময়
Suprovat Sydney
Suprovat Sydney, October-2022, Volume-14, No-10 ISSN 2202-4573 www.suprovatsydney.com.au

AUS BEST
MECHANICAL & TYRE SERVICES
0404 365 172

স্থান পরিবর্তন
Relocated

Bashit: 0404 365 172

- BATTERIES
- BRAKES
- CLUTCHES
- FULL ENGINE SERVICES
- PINK SLIPS
- RADIATORS
- TYRES
- ROTATE & BALANCE TYRES
- WHEEL ALIGNMENT

Contact: 0404 365 172

442 Punchbowl Rd, Belmore (Inside Metro Patrol Station)

Suprovat Sydney Copy Right Protected

ZAY
WORKWEAR
New Workwear Collection

All kind of Workwear Wholesale Retail

100% Bangladeshi owned and operated

You can order with us
ebay | amazon | Etsy

অনলাইনে সরাসরি অর্ডার করুন
www.zayworkwear.com.au, help@zayworkwear.com.au
যোগাযোগ: 0433 143 318, 0470 465 622

আমাদের শোরুম
Zay workwear: Shop 20, Compass Centre, 83-99 North Tarrace, Bankstown NSW 2200

Suprovat Sydney Copy Right Protected